আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

এমরানের স্ত্রী যখন বললো-হে আমার পালনকর্তা! আমার গর্ভে যা রয়েছে আমি তাকে তোমার নামে উৎসর্গ করলাম সবার কাছ থেকে মুক্ত রেখে।

সূরা আল ইমরান- ৩৫

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শনিবার ॥ ১৮ এপ্রিল ২০২৬ ॥ ২৯ শাওয়াল ১৪৪৭ ॥ ০৫ বৈশাখ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩২৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

এখনও ৪২ শতাংশ মানুষ দারিদ্র্যসীমার নিচে: ফখরুল

কীর্তনখোলা ডেস্ক

মুক্তিযুদ্ধের মাধ্যমে জাতি হিসেবে স্বীকৃতি পেলেও গত ৫৬ বছরে প্রত্যাশিত অর্থনৈতিক ও সামাজিক অগ্রগতি ২ এর পাতায় দেখুন

'বট বাহিনী' কী যে শুরু করেছে আমাকে নিয়ে : শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

সামাজিক যোগাযোগমাধ্যমের ফেসবুকের ভুয়া অ্যাকাউন্টধারী 'বট বাহিনী' নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন শিক্ষামন্ত্রী ড. আ.ন.ম ২ এর পাতায় দেখুন



অতীতের ফ্যাসিবাদের চেয়ে আগামীর ফ্যাসিবাদ আরও ভয়াবহ হবে

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, যেদিন গণভোটের গণরায়কে ২ এর পাতায় দেখুন

বাড়ছে সব ধরনের বৃত্তির টাকা, এককালীন অনুদানও

কীর্তনখোলা ডেস্ক

দেশের প্রান্তিক ও মেধাবী শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে সব স্তরের শিক্ষাবৃত্তির হার বাড়ানোর উদ্যোগ ২ এর পাতায় দেখুন

ঝলসে দেয়া হয় পুরুষাঙ্গ

কেয়ারটেকারকে হ্যান্ডকাপ পরিয়ে 'মারধর ডিবির'

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরে ডিবি পুলিশের কর্মকর্তার নির্যাতনের শিকার হয়েছেন পুলিশ কর্মকর্তাদের মেসে অস্থায়ী কেয়ারটেকার মো. ইউনুস ফকির ইউনুস ফকির নামে এক ব্যক্তি। চুরির অপবাদ দিয়ে তাকে মারধর, বৈদ্যুতিক শক এবং গরম মোম ঢেলে গোপনাঙ্গ ঝলসে দেওয়ার অভিযোগ উঠেছে। পরে অন্য এক কর্মীর কাছ থেকে চুরি যাওয়া টাকা উদ্ধার হলে ঘটনাটি নতুন করে আলোচনায় আসে। শুক্রবার ইউনুসকে পিরোজপুর জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। জানা যায়, গত সোমবার দুপুরে এ ঘটনা ঘটলেও বৃহস্পতিবার রাতে বিষয়টি প্রকাশ্যে আসে। অভিযোগের বিষয়ে এখনও অভিযুক্তদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি বলে জানা গেছে। ইউনুস ফকির পিরোজপুর সদর উপজেলার খানাকুনিয়ারি গ্রামের মৃত মোবারেক আলী ফকিরের ছেলে। তিনি দুই মেয়ের জনক। পরিবারের সদস্যরা জানান, পিরোজপুর পুলিশ লাইনস এলাকায় কর্মকর্তাদের আবাসিক মেসে অস্থায়ী কেয়ারটেকার হিসেবে কাজ করতেন ইউনুস। ওই মেসের একটি কক্ষে থাকতেন পিরোজপুর ডিবি পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুল ইসলাম। তার কক্ষের দুটি চাবির একটি ইউনুসের কাছে ছিল। অভিযোগ অনুযায়ী, সোমবার দুপুরে আরিফুল ইসলাম হঠাৎ ইউনুসের কাছে থাকা চাবি ফেরত চান। চাবি দিতে ব্যর্থ হলে তাকে জানানো হয়, তার কক্ষ থেকে ২ এর পাতায় দেখুন

হাম ও উপসর্গে প্রাণ গেল আরও ৫ শিশুর মৃত্যু বেড়ে ১৭৪

কীর্তনখোলা ডেস্ক

সারাদেশে নতুন করে হামে আক্রান্ত ও হামের উপসর্গ নিয়ে আরও পাঁচজন মারা গেছেন। তাদের মধ্যে তিনজন হাম আক্রান্ত হয়েই মারা গেছেন বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি দুইজনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। শুক্রবার (১৭ এপ্রিল) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় হাম ও হাম সন্দেহে পাঁচজনের মৃত্যু হয়েছে। এছাড়া ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৩৭ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে ২ এর পাতায় দেখুন

বরিশালে জুমার নামাজের সময় ফাঁকা রাস্তায় আ. লীগের বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর প্রাণকেন্দ্র সদর রোড এলাকায় বিক্ষোভ মিছিল করেছে কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ। শুক্রবার (১৭ এপ্রিল) দুপুরে এই বিক্ষোভ মিছিল হয়। মিছিলের একটি ভিডিও সামাজিক মাধ্যমে প্রকাশ্যে এসেছে। প্রায় এক মিনিটের ওই ভিডিওতে দেখা যায়- সদর রোড থেকে মিছিলটি জেলা স্কুলের দিকে যাচ্ছে। ব্যানারসহ মিছিলটি অংশ নেওয়া নেতাকর্মীদের মুখে মাস্ক, আবার কেউ কেউ মাস্ক ছাড়া। বরিশাল জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ও বিসিসির সাবেক কাউন্সিলর রাজিব হোসেন খানের নির্দেশনায় এ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। তিনি মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সাবেক মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহর ২ এর পাতায় দেখুন

শেখ হাসিনার প্রত্যার্পণের বিষয়টি পরীক্ষা করছে ভারত

কীর্তনখোলা ডেস্ক

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বাংলাদেশে ফিরিয়ে আনার (প্রত্যর্পণ) বিষয়ে ঢাকা থেকে পাঠানো অনুরোধটি ভারত সরকার বর্তমানে পরীক্ষা করে দেখছে বলে জানিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়। শুক্রবার (১৭ এপ্রিল) নয়াদিল্লিতে সাপ্তাহিক সংবাদ সম্মেলনে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল এ তথ্য জানান। ২ এর পাতায় দেখুন

১ লাখ ৩৮ হাজার টন জ্বালানি তেল নিয়ে চট্টগ্রাম বন্দরে চার জাহাজ

কীর্তনখোলা ডেস্ক

চট্টগ্রাম বন্দরে ১ লাখ ৩৮ হাজার টন পরিশোধিত জ্বালানি তেল নিয়ে চারটি জাহাজ এসেছে। এর মধ্যে তিনটিতে ১ লাখ ১০ হাজার ৬৫১ টন ডিজেল এবং অন্যটিতে ২৭ হাজার ৩৬৩ টন অকটেন রয়েছে। এর মধ্যে, বন্দরের আলফা অ্যাংকরে অবস্থান করা ৩৫ হাজার ৩৪৬ টন ডিজেল নিয়ে আসা লাইবেরিয়ার পতাকাবাহী 'এমটি অকট্রি' জাহাজটি থেকে এরইমধ্যে লাইটারিং শুরু হয়েছে। এটি শনিবার (১৮ এপ্রিল) চট্টগ্রাম বন্দরের ডলফিন জেটিতে বার্থিং করার কথা রয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) এক ঊর্ধ্বতন কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করেছেন। নাম প্রকাশে অনিচ্ছুক ওই কর্মকর্তা বলেন, ১৭ এপ্রিল ৪টি জাহাজ চট্টগ্রামে এসেছে। চলতি সপ্তাহে আরও বেশ কয়েকটি পার্সেল আসবে। সব মিলিয়ে তেলের কোনো সংকট থাকছে ২ এর পাতায় দেখুন

সময় টেলিভিশনের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে কেক কাটেন অতিথিবৃন্দ -কীর্তনখোলা

বিদ্যুৎ সংকটে নাজেহাল গ্রামাঞ্চল গরমে হাসফাঁস মানুষ

কীর্তনখোলা ডেস্ক

দেশজুড়ে তীব্র গরমের মধ্যে হঠাৎ বেড়েছে লোডশেডিং। বিশেষ করে গ্রামাঞ্চলে বিদ্যুৎ সংকট ভয়াবহ আকার ধারণ করেছে। শহরের অনেক এলাকায় বিদ্যুৎ সরবরাহ তুলনামূলক স্বাভাবিক থাকলেও গ্রামের মানুষকে ঘণ্টার পর ঘণ্টা বিদ্যুৎহীন থাকতে হচ্ছে। এতে গরমে অতিষ্ঠ হয়ে পড়েছে সাধারণ মানুষ। স্থানীয় সূত্রে জানা গেছে, দিনের পাশাপাশি রাতেও বারবার বিদ্যুৎ চলে যাচ্ছে। কোথাও কোথাও চার থেকে ছয় ঘণ্টা পর্যন্ত টানা লোডশেডিং হচ্ছে। তীব্র গরমে ঘরে থাকা দুঃসহ হয়ে উঠছে, বিশেষ করে শিশু, বৃদ্ধ ও অসুস্থদের জন্য পরিস্থিতি আরও কষ্টকর হয়ে দাঁড়িয়েছে। অনেকেই বাধ্য হয়ে খোলা আকাশের নিচে বা উঠানে রাত ২ এর পাতায় দেখুন

এসএসসি পরীক্ষা এমসিকিউ ও সৃজনশীল প্রশ্নপত্র একসঙ্গে দেওয়া হবে কি না, জানালো বোর্ড

কীর্তনখোলা ডেস্ক

চলতি বছরের এসএসসি পরীক্ষার নম্বর বণ্টন ও সময় বিভাজন নির্ধারণ করে পরীক্ষা পরিচালনা-সংক্রান্ত নীতিমালা প্রকাশ করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) এ নীতিমালা প্রকাশ করা হয়। এতে এসএসসি পরীক্ষায় সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্নপত্র (এমসিকিউ) একসঙ্গে দেওয়া হবে কি না, তা নিয়ে স্পষ্ট নির্দেশনা দেওয়া হয়েছে। নীতিমালায় বলা হয়, সকাল ১০টায় শুরু হওয়া ২ এর পাতায় দেখুন

এক মাস আগে কুকুরের কামড় চিকিৎসাধীন ছাত্রদল নেতার মৃত্যু

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক শরীয়তউল্লাহ সৈকত মোল্লা (৩৫) মারা গেছেন। তার মৃত্যুর খবর নিশ্চিত করেছেন বাউফল উপজেলা ছাত্রদলের সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদ।

বৃহস্পতিবার (১৫ এপ্রিল) রাত সাড়ে ১১টার দিকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতালের চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তিনি বাউফল উপজেলার কালিশুরি ইউনিয়নের মোল্লা বাড়ির মৃত লাল মোহাম্মদ লালু মোল্লার ছেলে। তার মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে বাউফল উপজেলাজুড়ে শোকের ছায়া নেমে আসে। রাজনৈতিক সহকর্মী, দলীয় নেতাকর্মী, বন্ধু-বান্ধব ও এলাকাবাসী গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। পারিবারিক সূত্রে জানা যায়, প্রায় এক মাস আগে তাকে কুকুরে কামড় ২ এর পাতায় দেখুন

সরকারের দুই মাস পূর্তি উপলক্ষ্যে আজ সংবাদ সম্মেলন

কীর্তনখোলা ডেস্ক

সরকারের 'দুই মাস পূর্তি' উপলক্ষ্যে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। শনিবার (১৮ এপ্রিল) বিকেল সাড়ে ৩টায় রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের 'করবী' হলে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। শুক্রবার (১৭ এপ্রিল) প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে এ তথ্য নিশ্চিত করেছেন। সংবাদ সম্মেলনে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন, প্রেস সচিব ও মুখপাত্র সালেহ শিবলী, অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনসহ প্রেস উইংয়ের ২ এর পাতায় দেখুন

বাবুগঞ্জে সাপে কাটা যুবকের মরদেহে দিনভর ঝাড়ফুঁক, জীবিত করার চেষ্টা

বাবুগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাবুগঞ্জ উপজেলার চাঁদপাশা এলাকায় সাপে কাটা এক যুবকের মৃত্যুর পর দাফন না করে বাড়ির উঠানে রেখে ঝাড়ফুঁক করার ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। সর্বশেষ শুক্রবার (১৭ এপ্রিল) বিকেল সাড়ে ৫টার দিকে ওই যুবকের দাফন সম্পন্ন হয়নি। তার মরদেহ বাড়ির উঠানে রেখে ঝাড়ফুঁকে জীবিত করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন স্বজনরা। নিহত ওই যুবকের নাম এইচএম সায়েম (২৭)। উপজেলার চাঁদপাশা ইউনিয়নের কালিকাপুর গ্রামের ২ নম্বর ওয়ার্ডের রাজমাথা এলাকার বাসিন্দা সৈয়দ হাওলাদারের ছেলে। তিনি পেশায় একজন কাভার্ড ভ্যানচালক ছিলেন।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, গত বৃহস্পতিবার রাতে প্রতিদিনের মতো কাজ শেষে কাভার্ডভ্যান পার্কিং করে হেঁটে বাড়ি ফেরার পথে চাঁদপাশা ও রহমতপুর ইউনিয়নের সংযোগস্থল ভাঙ্গা বুনিয়া খাল এলাকায় সায়েমকে সাপে কামড় দেয়। এরপর কোনোভাবে বাড়ি পৌছালেও ধীরে ধীরে তার শরীরে বিষক্রিয়া ছড়িয়ে পড়ে এবং একপর্যায়ে তিনি অজ্ঞান হয়ে পড়েন। পরে রাত আনুমানিক ১২টার দিকে গুরুতর অবস্থায় তাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসকরা দ্রুত এন্টিভেনম প্রয়োগ করেন। পরপর দুইবার এন্টিভেনম দেওয়া হলেও তার জ্ঞান ২ এর পাতায় দেখুন



মেহেন্দিগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্স ও সরকারি কবরস্থান পরিদর্শন করেন প্রতিমন্ত্রী রাজিব আহসান

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ

মেহেন্দিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও সরকারি কবরস্থান পরিদর্শন করেন নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজিব আহসান এমপি। প্রতিমন্ত্রী শুক্রবার সকালে হাসপাতাল পরিদর্শন করে হাসপাতালের সার্বিক পরিস্থিতির খোঁজ খবর নেন এবং কর্মরত ডাক্তারদেরকে রোগীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা সহ বিভিন্ন দিকনির্দেশনা দেন। এসময় উপস্থিত ছিলেন, মেহেন্দিগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: রিয়াজুর রহমান, ডাক্তার অসীম সিকদার, থানা অফিসার ইনচার্জ মো: মিজানুর রহমান,মেহেন্দিগঞ্জ উপজেলা বিএনপি'র আহবায়ক গিয়াস উদ্দিন দিপেন, সদস্য সচিব সিহাব আহামেদ সেলিম, সিনিয়র যুগ্ম আহবায়ক আসাদুজ্জামান মুক্তা, বরিশাল উত্তর জেলা যুবদলের আহবায়ক সালাউদ্দিন পিপলু, উপজেলা যুবদলের আহবায়ক সৈয়দ নাঈম ইসলাম তুহিন, সদস্য সচিব মাজহারুল ইসলাম পারভেজ, বরিশাল উত্তর জেলা তাতী দলের আহবায়ক ইউনুসুর রহমান জুবায়ের, পৌর যুবদলের আহবায়ক মামুন মিয়াজি ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

প্রয়োজনীয় প্রস্তুতি নিতে হবে

মধ্যপ্রাচ্যের যুদ্ধকে কেন্দ্র করে ইরানের হরমুজ প্রণালি দিয়ে জ্বালানি তেল পরিবহন প্রায় বন্ধ হয়ে যায়। ফলে বিশ্বব্যাপী জ্বালানিসংকট তীব্র আকার ধারণ করে। এর মধ্যেও ইরান কিছু দেশের তেলবাহী ট্যাংকার চলাচলের অনুমতি দিয়ে যাচ্ছিল। এবার হরমুজ প্রণালির মুখে ওমান উপসাগর ও আরব সাগরে অবরোধ আরোপ করে যুক্তরাষ্ট্র। ফলে হরমুজ হয়ে আসা প্রায় সব জাহাজ চলাচল বন্ধ হয়ে যায়। এতে তেলের দাম আবারও বেড়ে গেছে। ব্রেন্ট অপরিশোধিত তেলের প্রতি ব্যারেলের দাম ১০০ ডলারের ওপরে ওঠানামা করছে। এর চেয়ে বড় কথা, সরবরাহ সংকটের কারণে বাংলাদেশসহ মধ্যপ্রাচ্যের তেলের ওপর নির্ভরশীল দেশগুলো চরম বিপদে পড়েছে। বাংলাদেশে জ্বালানি তেলের এই সংকট মোকাবেলায় সরকার নানা ধরনের পদক্ষেপ নিচ্ছে। বিকল্প বিভিন্ন উৎস থেকে তেল আমদানি বাড়িয়েছে। অপরিশোধিত তেলের বদলে পরিশোধিত তেল আমদানি করছে। এতে আমদানি খরচ অনেক বেড়ে গেছে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, আগামী জুন পর্যন্ত তেল, গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে প্রায় ৭০ থেকে ৭৫ হাজার কোটি টাকার ভর্তুকি প্রয়োজন। তার পরও পরিস্থিতি মোকাবেলায় তা করতেই হবে। চাপ সামাল দিতে বিদ্যুতের পাইকারি ও খুচরা দাম সমন্বয়েরও উদ্যোগ নিয়েছে সরকার। এ লক্ষ্যে অর্থমন্ত্রীকে আহ্বায়ক করে একটি উচ্চ পর্যায়ের মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়েছে। সরকারি সিদ্ধান্তে এরই মধ্যে অফিস সময় এক ঘণ্টা কমানো এবং দোকানপাট বন্ধের সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। অতিরিক্ত অর্থের জোগান নিশ্চিত করতে ব্যয় সাশ্রয়ের উদ্যোগ নেওয়া হয়েছে। সরকারি গাড়ি কেনা, গাড়িতে জ্বালানি ব্যবহার, বিদেশে প্রশিক্ষণসহ ৯টি ক্ষেত্রে সরকারের পরিচালন ব্যয় কমিয়ে পরিপত্র জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। এগুলো হলো সরকারি গাড়িতে মাসিক ভিত্তিতে বরাদ্দকৃত জ্বালানির ব্যবহার ৩০ শতাংশ হ্রাস করতে হবে; সরকারি কর্মকর্তাদের গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ দেওয়া এবং সরকারি অর্থায়নে সব বৈদেশিক প্রশিক্ষণ বন্ধ থাকবে; প্রশিক্ষণ ব্যয় ছাড়া অভ্যন্তরীণ প্রশিক্ষণ ব্যয় ৫০ শতাংশ হ্রাস করতে হবে; সভা বা সেমিনারে আপ্যায়ন ব্যয় ৫০ শতাংশ হ্রাস করতে হবে এবং সেমিনার বা কনফারেন্স ব্যয় ২০ শতাংশ হ্রাস করতে হবে; ভ্রমণ ব্যয় ৩০ শতাংশ হ্রাস করতে হবে; সরকারি খাতে গাড়ি, জলযান, আকাশযান এবং কম্পিউটার ক্রয় শতভাগ হ্রাস করতে হবে ইত্যাদি। অন্যদিকে সরকার পর্যাপ্ত মজুদের কথা বললেও বিভিন্ন ফিলিং স্টেশনে দীর্ঘ সারি দেখা যাচ্ছে। অনেক ক্ষেত্রে চাহিদার তুলনায় কম তেল সরবরাহের অভিযোগ রয়েছে। বিশ্লেষকদের মতে, সরবরাহ ঘাটতির পাশাপাশি অবৈধ মজুদ ও কৃত্রিম সংকট পরিস্থিতিকে জটিল করছে। কোথাও কোথাও বেশি দামে তেল বিক্রির অভিযোগও রয়েছে। এমনকি মুদি দোকানেও ক্যান বা বোতল ভর্তি তেল বেশি দামে বিক্রি হতে দেখা যায়। মধ্যপ্রাচ্য সংকট কত দিন স্থায়ী হবে, তা বলা কঠিন। তাই জ্বালানিসংকট মোকাবেলায় দীর্ঘ প্রস্তুতি থাকা জরুরি বলে মনে করছেন বিশেষজ্ঞরা। বিকল্প উৎস থেকে সংগ্রহ বাড়াতে হবে। পাশাপাশি তেলের বিক্রয় ব্যবস্থাপনা উন্নত করতে হবে। একই সঙ্গে মজুদদারি ও অবৈধ তেল বিক্রির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে।

বাড়ছে সব ধরনের বৃত্তির

নিয়েছে সরকার। বর্তমান বাজারমূল্য ও জীবনযাত্রার ব্যয়ের সঙ্গে সংগতি রেখে এ পরিকল্পনা নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, দেশের প্রাথমিক থেকে স্নাতক পর্যন্ত সব স্তরের 'মেধা' ও 'সাধারণ' শিক্ষাবৃত্তির হার দ্বিগুণ করা হবে। এতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মাসিক টাকার পরিমাণ ও এককালীন অনুদান আগের চেয়ে বাড়বে। দীর্ঘ ১০ বছর পর এই হার পুনঃনির্ধারণের ফলে সরকারের বাৎসরিক ব্যয় ১৮৪ কোটি টাকা থেকে বেড়ে প্রায় ৩৬৮ কোটি ১৬ লাখ টাকায় দাঁড়াবে। যা অর্থ বিভাগের বাজেট বরাদ্দ সাপেক্ষে বাস্তবায়ন করা হবে বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। সংশ্লিষ্টরা বলছেন, সরকারের এ সিদ্ধান্তে শিক্ষা খাতে ঝরে পড়ার হার যেমন কমবে, তেমনি মেধাবীদের উচ্চশিক্ষায় উৎসাহিত করতে একটি বড় মাইলফলক হিসেবে কাজ করবে। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের যুগ্মসচিব (মাধ্যমিক-১) মো. সাইদুর রহমান জানান, সম্প্রতি অনুষ্ঠিত এ সংক্রান্ত পর্যালোচনা সভায় দেশের সব ধরনের শিক্ষাবৃত্তির হার দ্বিগুণ করার বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত হয়েছে। ওই সিদ্ধান্তের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরকে (মাউশি) একটি পূর্ণাঙ্গ ও সংশোধিত প্রস্তাব পাঠাতে বলা হয়েছে। মো. সাইদুর রহমান বলেন, 'মাউশি শিক্ষাবৃত্তির অর্থের পরিমাণ বাড়ানোর প্রস্তাব পাঠালে তা শিক্ষা মন্ত্রণালয়ের নীতিগত অনুমোদন নেওয়া হবে। এরপর প্রয়োজনীয় বাজেট বরাদ্দের জন্য অর্থ বিভাগে পাঠানো হবে। অর্থ বিভাগের প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে দ্রুত এ সিদ্ধান্ত কার্যকর করা হবে। গত ৬ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক পর্যালোচনা সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) অধীন সব ক্যাটাগরির বৃত্তির (পিএসসি, জেএসসি, এসএসসি, এইচএসসি, স্নাতক ও পেশামূলক বৃত্তি) মাসিক হার এবং এককালীন বার্ষিক অনুদান দ্বিগুণ করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়। ওই সভায় জানানো হয়, সর্বশেষ ২০১৫-১৬ অর্থবছরে শিক্ষা খাতের সব স্তরের শিক্ষাবৃত্তির হার নির্ধারণ করা হয়েছিল। অর্থ্যাৎ ১০ বছর পর বৃত্তির হার বাড়ানোর উদ্যোগ নিচ্ছে বর্তমান সরকার। সভাসূত্রে জানা যায়, নতুন সরকার দায়িত্ব গ্রহণের পর গত ২ এপ্রিল এ সংক্রান্ত সভায় শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন সব স্তরের শিক্ষাবৃত্তির হার বাড়ানোর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

অতীতের ফ্যাসিবাদের চেয়ে

অস্বীকার করা হয়েছে, সেদিন থেকেই নতুন ফ্যাসিবাদের যাত্রা শুরু হয়েছে। অতীতের ফ্যাসিবাদের চেয়ে আগামীর ফ্যাসিবাদ আরও ভয়াবহ হবে। শুক্রবার (১৭ এপ্রিল) রাজধানীর মগবাজারে আল ফালাহ মিলনায়তনে বাংলাদেশ জামায়াতে ইসলামীর 'জেলা আমির সম্মেলন'-এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডা. শফিকুর রহমান বলেন, উচ্চ আদালতে বিচারক নিয়োগের ক্ষেত্রে একটি নিরপেক্ষ বডি গঠনের জন্য অধ্যাদেশ জারি করা হলেও তা ঠেকিয়ে দেওয়া হয়েছে। এতে দলীয় প্রভাব বিস্তারের সুযোগ তৈরি হয়েছে। দলীয় ভিত্তিতে বিচারক নিয়োগের ফলে বিচারপতি খায়রুল হক, বিচারপতি শামসুদ্দিন মানিক এবং শপথবদ্ধ রাজনীতিবিদ বিচারপতি এনায়েতুর রহিমের মতো ব্যক্তিত্ব তৈরি হয়েছে। এ ধরনের নিয়োগের কুফল দেশবাসী ভোগ করছে। একই সঙ্গে পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি) গঠনের অধ্যাদেশও ঠেকিয়ে দেওয়া হয়েছে। জ্বালানি সংকট প্রসঙ্গে জামায়াত আমির বলেন, যুদ্ধ পরিস্থিতির কারণে জ্বালানি সংকট দেখা দিয়েছে। এই সংকট মোকাবিলায় সংসদ ও সংসদের বাইরে সবাইকে একসঙ্গে কাজ করা উচিত ছিল। কিন্তু সে ধরনের উদ্যোগ দেখা যাচ্ছে না। বরং বলা হচ্ছে দেশে তেলের কোনো সংকট নেই, কিছু লোক তেল মজুত করে চোরাই পথে বিক্রি করছে। এ ধরনের বক্তব্যকে তিনি সরকারের ব্যর্থতা উল্লেখ করে বলেন, এতে ভুক্তভোগী মানুষের কষ্ট আরও বাড়ছে। জনগণ কি জানে না কোথা থেকে তেলের ড্রাম উদ্ধার হচ্ছে? জ্বালানি সংকট না থাকলে প্রতিদিন ৬ থেকে ১০ ঘণ্টা লোডশেডিং কেন হচ্ছে সেই প্রশ্নও তোলেন তিনি। জামায়াত আমির আরও বলেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের দ্রুত পরিবর্তন করা হচ্ছে, দুর্নীতি দমন কমিশন (দুদক) কার্যত নিষ্ক্রিয় হয়ে পড়েছে এবং মানবাধিকার কমিশন পদত্যাগ করে খোলা চিঠি দিয়েছে। বিচার বিভাগের স্বাধীনতা নিয়ে প্রশ্ন তুলে তিনি বলেন, বিচারকদের স্বাধীন বলা হলেও তাদের ওপর হস্তক্ষেপ করে ২৮ জন বিচারককে শোকজ করা হয়েছে। অথচ তারাই বলে বিচারকেরা স্বাধীন। যদি তারা স্বাধীনই হয়ে থাকেন, তাহলে তাদের ওপর আপনারা ছড়ি ঘোরান কেন?

'বট বাহিনী' কী যে শুরু

এহছানুল হক মিলন। এখন ফেসবুকেই দেশ চালায় উল্লেখ করে মন্ত্রী বলেন, তবে এসব করে লাভ হবে না। শুক্রবার (১৭ এপ্রিল) দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (হাবিপ্রবি) ২৬তম ব্যাচের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, আমি বলেছি আলিয়া মাদ্রাসার শিক্ষার্থীরা মুজাব্বিদ নামে একটি সাবজেক্ট পড়ে না। এটি না পড়ার কারণে তারা সহীহভাবে কোরআন পড়াতে পারে না। এতে ৯ হাজার ইসলামী শিক্ষক দিতে পারছি না। কারণ মাদ্রাসায় এ বিষয় কেউ পড়ে না। তারা যেহেতু পড়ে না তাই বলেছি কওমিকে দিয়ে দিই। কিন্তু কওমি সমমান না। কিন্তু এই বিষয়টাকে ব্যাখ্যা দেওয়া হলো, কোরআন শরীফকে অবমাননা করা হয়েছে। মন্ত্রী বলেন, কিছু বট বাহিনী আছে, কী যে শুরু করেছে আমাকে নিয়ে। বলেছে আমি নাকি পরীক্ষার রুটিন দেব পরীক্ষার দিন, এসব অপপ্রচার চালায়। তাই আমিও বললাম লিখে দেন, পরীক্ষার ফল হলে উনি দেবেন। বট বাহিনীর অত্যাচারের কথা বলতে গিয়ে তিনি বলেন, এই বটবাহিনী ফটোকার্ড বানিয়ে দিয়ে দেয়। আমি বললাম এইবার জিরো পাস করলেও এমপিও বাতিল হবে না; আর বট বাহিনী লিখে দিল- এবার ফেল করলে এমপিও বাতিল। এখন দেখা যায় ফেসবুকেই দেশ চালায়। আমার সাথে এগুলো করে লাভ হবে না। আমার কাজ আমার করতেই হবে। 'আই ওয়ান্ট টু সি এভরিথিং' মন্তব্য করে শিক্ষামন্ত্রী বলেন, প্রতিটি বিশ্ববিদ্যালয় কীভাবে কাজ করছে সেটা দেখার জন্য আমি মন্ত্রণালয়ে সেল বানাচ্ছি। ইউজিসির রিপোর্টও আমি নেব, আমার রিপোর্টও থাকবে। তিনি বলেন, সরকার বাজেটের কথা বলেছে, আমি সেটা নিতে পারছি না। আমি দেখলাম না আমাদের এই ইউনিভার্সিটির ভিসি এডুকেশনাল কোয়ালিটি কীভাবে ডেভেলপমেন্ট করা যায়, সেই খাতে একটি টাকাও চেয়েছে। আমার কাছে তো চাইতে হবে। সব সেই পুরোনো দিনের কথা শুধু বিল্ডিং, বিল্ডিং আর বিল্ডিং। কোয়ালিটি এডুকেশন লাগবে না। সেই জায়গায় আমরা অত্যন্ত দুর্বল।

এখনও ৪২ শতাংশ মানুষ

অর্জন করা সম্ভব হয়নি বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার (১৭ এপ্রিল) যুব নেতৃত্ব ও উন্নয়ন সংগঠন জেসিআই আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এই মন্তব্য করেন। জেসিআই কার্নিভালে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বলেন, "৫৬ বছরে আমরা জাতি হিসেবে অনেক পথ পাড়ি দিলেও কাঙ্ক্ষিত লক্ষে পৌছাতে পারিনি। দেশের মাথাপিছু আয় ও জিডিপি এখনো আশানুরূপ পর্যায়ে যায়নি।" তিনি তথ্য তুলে ধরে বলেন, দেশের প্রায় ৪২ শতাংশ মানুষ এখনো দারিদ্র্যসীমার নিচে বসবাস করছেন এবং একটি বড় অংশ মৌলিক শিক্ষার অধিকার থেকে বঞ্চিত। দেশের বর্তমান চ্যালেঞ্জের কথা উল্লেখ করার পাশাপাশি ইতিবাচক পরিবর্তনের চিত্রও তুলে ধরেন এলজিআরডি মন্ত্রী। বিশেষ করে তরুণ প্রজন্মের স্ব-উদ্যোগে ব্যবসা ও কৃষিভিত্তিক খামার প্রতিষ্ঠাকে তিনি দেশের অর্থনীতির জন্য শুভলক্ষণ হিসেবে অভিহিত করেন। তিনি বলেন, তরুণদের একটি বিরাট অংশ নিজের চেষ্টায় উদ্যোক্তা হচ্ছে, যা প্রশংসনীয়। জেসিআই তরুণদের দক্ষতা উন্নয়নে যে কাজ করছে, তা দেশের উন্নয়নে ভূমিকা রাখবে। বড় কিছু অর্জনের জন্য স্বপ্নের প্রয়োজনীয়তা উল্লেখ করে মন্ত্রী বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান নতুন বাংলাদেশের স্বপ্ন দেখেছিলেন। আমিও স্বপ্ন দেখি যে আমরা পারব। আমাদের দেশ আমাদেরকেই গড়তে হবে, বাইরে থেকে কেউ এসে ভালো করে দিয়ে যাবে না। খাদ্যঘাটতি কাটিয়ে ওঠাসহ বিভিন্ন ক্ষেত্রে দেশের সক্ষমতা অর্জনের বিষয়গুলো তুলে ধরে তিনি সমৃদ্ধ বাংলাদেশ গড়ার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন।

বরিশালে জুমার নামাজের সময়

অনুসারী। রাজিব খান জানান, আওয়ামী লীগ নিষিদ্ধের কালো আইন প্রত্যাহার এবং পুলিশ হত্যার বিচার দাবিতে জুমা নামাজের শেষে শহরের প্রাণকেন্দ্র সদর রোডে তারা মিছিল করেছেন। কাকলির মোড় থেকে মিছিলটি বের হয়ে জেলা স্কুল মোড়ে গিয়ে শেষ হয়। তবে মিছিলে ছিলেন না জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক রাজিব হোসেন খান। বরিশাল কোতয়ালী মডেল থানার অফিসার ইনচার্জ আল মামুন উল ইসলাম বলেন, জুমার নামাজের সময় সবাই যখন নামাজ নিয়ে ব্যস্ত ঠিক তখন ছাত্রলীগের ১০-১২ জন মিছিল করে। তিনি আরও বলেন, আধুনিক প্রযুক্তি ব্যবহার করে তাদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

কেয়ারটেকারকে হ্যান্ডকাপ পরিয়ে

১ লাখ ৮০ হাজার টাকা চুরি হয়েছে এবং ইউনুসই এ ঘটনার সঙ্গে জড়িত। ইউনুস অভিযোগ অস্বীকার করলে তাকে হ্যান্ডকাফ পরিয়ে নিচতলায় নিয়ে মারধর করা হয়। পরবর্তীতে আরও কয়েকজন ডিবি সদস্য এসে তাকে মারধর, বৈদ্যুতিক শক এবং শারীরিক নির্যাতন চালায় বলে অভিযোগ। একপর্যায়ে তাকে জোর করে রান্নাঘরে নিয়ে গিয়ে গলিত মোম ঢেলে গোপনাঙ্গে নির্যাতন করা হয় বলেও দাবি পরিবারের। পরিবারের অভিযোগ, নির্যাতনের এক পর্যায়ে ইউনুসের স্বজনরা টাকা জোগাড় করে অভিযুক্তদের হাতে তুলে দেন। পরে পিরোজপুরের পুলিশ সুপারের কাছে বিষয়টি জানানো হলে মেসের এক কর্মচারী শাকিলকে জিজ্ঞাসাবাদে তিনি চুরির কথা স্বীকার করেন এবং টাকা উদ্ধার করা হয়। পরবর্তীতে ইউনুসের দেওয়া টাকা ফেরত দেওয়া হয়। ঘটনার পর মানসিকভাবে ভেঙে পড়েছেন ইউনুস। পুলিশের ভয়ে পরিবারটি প্রথমে কোনো অভিযোগ করেনি বলে জানা গেছে। অভিযোগ রয়েছে, বিষয়টি চাপা দিতে কর্মসংস্থানের আশ্বাসও দেওয়া হয়েছে। তবে ভুক্তভোগী পরিবার এ ঘটনার সুষ্ঠু বিচার দাবি করেছে। পিরোজপুর জেলা হাসপাতালের চিকিৎসক ডা. স্বাধীন হাওলাদার জানান, ইউনুসের শরীরে একাধিক আঘাতের চিহ্ন রয়েছে এবং আগুনে দগ্ধ হওয়ার আলামত পাওয়া গেছে। তার অবস্থা বিবেচনায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। ইউনুসের ভাই আনিসুর রহমান বলেন, 'একজন অপরাধীকেও এভাবে নির্যাতন করা হয় না। আমার ভাইকে পঙ্গু করে দেওয়া হয়েছে। আমরা এ ঘটনার বিচার চাই।' অভিযোগের বিষয়ে জানতে চাইলে ডিবি পুলিশের ওসি আরিফুল ইসলাম বলেন, তিনি ছুটিতে রয়েছেন। তিনি সরাসরি নির্যাতনের অভিযোগ অস্বীকার করে দাবি করেন, 'রিপন' নামে এক সোর্স রান্নাঘরে নিয়ে মোমের ঘটনা ঘটিয়েছে। এ ঘটনায় তিনি দুঃখ প্রকাশ করেন। এ বিষয়ে পিরোজপুরের পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকীর সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তার বক্তব্য পাওয়া যায়নি

মেহেন্দিগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্স ও সরকারি কবরস্থান

সিনিয়র যুগ্ম আহবায়ক সিরাজ খান, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক ফখরুল ইসলাম সোহেল, সদস্য সচিব মাসুদ রানা, পৌর স্বেচ্ছাসেবক দলের আহবায়ক সিপন মিয়া, সদস্য সচিব আমিনুল ইসলাম রবীন, উপজেলা ছাত্রদলের আহবায়ক শাহাদাৎ হোসেন সোহাগ, পৌর ছাত্রদলের আহবায়ক তরিকুল ইসলাম সহ স্থানীয় নেতৃবৃন্দ।

১ লাখ ৩৮ হাজার টন জ্বালানি

না। বিপিসির তথ্য অনুযায়ী, ৩৩ হাজার ৩৯৮ টন ডিজেল নিয়ে পর্তুগালের পতাকাবাহী 'এমটি কেপ বনি', ২৭ হাজার ৩৬৩ টন অকটেন নিয়ে কেম্যান আইল্যান্ডের পতাকাবাহী 'এমটি নেভি সিয়েলো' এবং ৪১ হাজার ৯০৭ টন ডিজেল নিয়ে আসা চায়নার পতাকাবাহী 'এমটি লিয়ান সং হো' জাহাজ তিনটি বন্দরের আলফা অ্যাংকরে অবস্থান করছে। বৈশ্বিক ভ্যাসেল ট্র্যাকিং সাইটগুলোর তথ্য বলছে, 'এমটি অকট্রি', 'এমটি কেপ বনি' গত ১২ এপ্রিল, 'এমটি নেভি সিয়েলো' ১০ এপ্রিল মালয়েশিয়ার তানজুং পেলেপাস বন্দর থেকে এবং 'এমটি লিয়ান সং হো' ৮ এপ্রিল ভারতের শিখা বন্দর থেকে চট্টগ্রামে আসে।

বিদ্যুৎ সংকটে নাজেহাল গ্রামাঞ্চল

কাটাচ্ছেন। গ্রামাঞ্চলের বাসিন্দারা অভিযোগ করছেন, শহরে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে গিয়ে গ্রামগুলোতে ইচ্ছা করে বেশি লোডশেডিং করা হচ্ছে। এর ফলে তারা বৈষম্যের শিকার হচ্ছেন। বিদ্যুৎ না থাকায় নলকূপ চালানো, সেচ কার্যক্রম, ক্ষুদ্র ব্যবসা ও দৈনন্দিন কাজকর্মেও ব্যাঘাত ঘটছে। পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি'র তথ্য বলছে, ১৬ এপ্রিল ডে পিক (দুপুর ১২টা) লোডশেডিং ছিল ১ হাজার ৭৫১ মেগাওয়াট এবং সন্ধ্যা পিক (রাত ৯টা) লোডশেডিং ছিল ৪৮১ মেগাওয়াট। এছাড়া ১৫ এপ্রিল ডে পিক লোডশেডিং ছিল ১ হাজার ২৯৪ মেগাওয়াট এবং সন্ধ্যা পিক লোডশেডিং ছিল ১ হাজার ৪২৮ মেগাওয়াট। ১৪ এপ্রিল ডে পিক লোডশেডিং ছিল ৫৮০ মেগাওয়াট এবং সন্ধ্যা পিক লোডশেডিং ছিল ৬৮৮ মেগাওয়াট। ১৩ এপ্রিল ডে পিক লোডশেডিং ছিল ৮৭৯ মেগাওয়াট এবং সন্ধ্যা পিক লোডশেডিং ছিল ১০০৮ মেগাওয়াট। ১২ এপ্রিল ডে পিক লোডশেডিং ছিল ৪১১ মেগাওয়াট এবং সন্ধ্যা পিক লোডশেডিং ছিল ৯১০ মেগাওয়াট। পিরোজপুরের বাসিন্দা তৌকির আহমেদ বলেন, আমাদের এখানেও লোডশেডিং হচ্ছে। কষ্টের কথা কী বলব, বললেও তো আর বিদ্যুৎ পাব না। বিদ্যুৎ না থাকলে কষ্টের শেষ নেই। সামনে আরও গরম পড়লে তখনও যদি এই অবস্থা থাকে, কী হবে জানি না। যশোরের বাসিন্দা শাহিনুর বলেন, আধা ঘণ্টা বিদ্যুৎ আসে, আবার চলে যায়। দুই ঘণ্টা পর আবার আসে। এত গরমে ফ্যান না চললে ঘরে থাকা যায় না। রাতে ঠিকমতো ঘুমাতে পারি না। অনেক কষ্টে আছি। মাগুরার বাসিন্দা ইমরান হোসেন বলেন, বিদ্যুতের কথা বলে লাভ নেই। আসে আর যায়। এত ঘন ঘন লোডশেডিং হচ্ছে, বলার মতো নয়। গরমে বেশি কষ্ট হচ্ছে। বিদ্যুৎ না থাকলে গরমে টিকে থাকা দায় হয়ে পড়েছে। কবে ঠিক হবে, জানি না। ঝিনাইদাহের বাসিন্দা সালমা বেগম বলেন, এত গরম পড়তেছে, এর মধ্যে বিদ্যুৎ থাকে না। বাচ্চারা ঘুমাতে পারে না, শুধু কান্না করে। যুবক-বৃদ্ধ সবাই কষ্ট পাচ্ছে। আগে এত লোডশেডিং ছিলো না। হঠাৎ করে কয়েকদিন বেড়েছে। কুমিল্লার বাসিন্দা আকরাম বলেন, বিদ্যুৎ থাকে না। আসে আর যায়। আসা-যাওয়ার মধ্যেই থাকে। মিল (ছোট কারখানা) চালাতে পারি না। মেশিন চালু আর বন্ধ করার মধ্যেই থাকতে হয়।

সাপে কাটা যুবকের মরদেহে দিনভর

ফেরেনি। পরদিন (শুক্রবার) বেলা ১২টার দিকে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করে পরিবারের কাছে হস্তান্তর করেন। তবে স্বজনরা তাকে দাফন না করে বাড়ির উঠানে রেখে বিভিন্ন স্থান থেকে সাপুড়ে ও ওঝা এনে ঝাড়ফুঁক শুরু করেন। তাদের বিশ্বাস, অলৌকিকভাবে সায়েম আবার জীবিত হতে পারেন। এ ঘটনায় এলাকায় কৌতূহল ও উদ্বেগ ছড়িয়ে পড়েছে। স্থানীয় উৎসুক জনতা নিহতের বাড়িতে ভিড় করছেন। নিহতের স্বজন মো. জুয়েল হোসেন বলেন, চিকিৎসকরা সায়েমকে মৃত ঘোষণা করেছেন। তবে আমরা আশা ছাড়িনি। সৃষ্টিকর্তার ইচ্ছায় অলৌকিক কিছু ঘটতে পারে,এই বিশ্বাস থেকেই আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। বরিশাল বাবুগঞ্জ উপজেলা চাঁদপাশা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মো. দেলোয়ার হোসেন বলেন, খবর পেয়ে আমি তাদের বাড়িতে গিয়েছি। তারা ওই যুবককে জীবিত করার আশায় ঝাড়ফুঁক করছে। আমি তাদের অনুরোধ করেছি চিকিৎসকের নির্দেশনা অনুযায়ী তাকে দাফন করতে। স্বজনরা রাত ৮টার দিকে দাফনের আশ্বাস দিয়েছে।

সরকারের দুই মাস পূর্তি

সদস্যরা। সংবাদ সম্মেলনে সরকারের গত দুই মাসের কার্যক্রম, অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরা হতে পারে বলে জানা গেছে। পাশাপাশি সমসাময়িক বিভিন্ন ইস্যু নিয়েও বক্তব্য দেওয়া হতে পারে। সংবাদ সম্মেলনে অংশগ্রহণের জন্য সাংবাদিকদের প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৪ নম্বর গেট দিয়ে প্রবেশ করতে বলা হয়েছে বিজ্ঞপ্তিতে।

এক মাস আগে কুকুরের কামড়

দিয়েছিল। সে সময় যথাযথ চিকিৎসা নেওয়া হয়নি। পরবর্তীতে বৃহস্পতিবার বিকেলে হঠাৎ তীব্র কাঁপুনি ও বমি শুরু হলে অসুস্থ হয়ে পড়েন তিনি। দ্রুত তাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন। সৈকতের চাচাতো ভাই মাঈন উদ্দিন মোল্লা বলেন, তার মরদেহ নিজ বাড়িতে নেওয়ার প্রস্তুতি চলছে। শুক্রবার জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন সম্পন্ন করা হবে। উপজেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক শরীয়তউল্লাহ সৈকত মোল্লার ইন্তেকালে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন স্থানীয় সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ এমপি ও সাবেক এমপি শহিদুল আলম তালুকদার এ ছাড়াও বাউফল উপজেলা ছাত্রদলের সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদ শরীয়তউল্লাহ সৈকত মোল্লার আত্মার মাগফিরাত কামনা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

এমসিকিউ ও সৃজনশীল প্রশ্নপত্র

পরীক্ষার ক্ষেত্রে সকাল ৯টা ৩০ মিনিটে উত্তরপত্র ও ওএমআর শিট বিতরণ করা হবে। সকাল ১০টায় এমসিকিউ প্রশ্নপত্র দেওয়া হবে এবং ১০টা ৩০ মিনিটে সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ করা হবে। তবে ২৫ নম্বরের এমসিকিউ পরীক্ষার ক্ষেত্রে সৃজনশীল অংশ শুরু হবে সকাল ১০টা ২৫ মিনিটে। অন্যদিকে, দুপুর ২টায় অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে বলা হয়েছে, দুপুর ১টা ৩০ মিনিটে উত্তরপত্র ও ওএমআর শিট বিতরণ করা হবে। দুপুর ২টায় এমসিকিউ প্রশ্নপত্র দেওয়া হবে এবং ২টা ৩০ মিনিটে সৃজনশীল অংশ শুরু হবে। ২৫ নম্বরের এমসিকিউ পরীক্ষার ক্ষেত্রে এ সময় হবে দুপুর ২টা ২৫ মিনিট। শিক্ষা বোর্ডগুলোর প্রকাশিত সময়সূচি অনুযায়ী, এবার এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হবে আগামী ২১ এপ্রিল। প্রথম দিনে বাংলা প্রথমপত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা শেষ হবে ২০ মে। ৭ জুন থেকে শুরু হবে ব্যবহারিক পরীক্ষা, যা চলবে ১৪ জুন পর্যন্ত।

শেখ হাসিনার প্রত্যর্পণের

প্রত্যর্পণ ইস্যুতে বাংলাদেশের পক্ষ থেকে তোলা দাবির পরিপ্রেক্ষিতে রণধীর জয়সওয়াল বলেন, 'এই অনুরোধটি বর্তমানে চলমান বিচারবিভাগীয় এবং অভ্যন্তরীণ আইনি প্রক্রিয়ার অংশ হিসেবে পরীক্ষা করা হচ্ছে। আমরা এই ইস্যুতে সংশ্লিষ্ট সকল পক্ষের সঙ্গে গঠনমূলক আলোচনা চালিয়ে যাব।' গত ৮ এপ্রিল বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের ভারত সফর ও ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে তাঁর বৈঠক প্রসঙ্গে মুখপাত্র বলেন, 'আমাদের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠকের ফলাফল আমরা আগেই জানিয়েছি। আমি আবারও জোর দিয়ে বলতে চাই, ভারতের পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশের নতুন সরকারের সঙ্গে গঠনমূলকভাবে কাজ করতে এবং দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার করার আকাঙ্ক্ষা পুনর্ব্যক্ত করেছেন।' রণধীর জয়সওয়াল আরও জানান, উভয় পক্ষই দ্বিপক্ষীয় কাঠামোর মাধ্যমে অংশীদারত্ব আরও গভীর করার প্রস্তাবগুলো খতিয়ে দেখতে একমত হয়েছে। শিগগিরই দুই দেশের কর্মকর্তাদের মধ্যে ফলোআপ বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এ ছাড়া বৈঠকে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়গুলো নিয়ে দুই নেতার মধ্যে মতবিনিময় হয়েছে। প্রসঙ্গত, নতুন সরকার দায়িত্ব গ্রহণের পর ৮ এপ্রিল দিল্লি সফর করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। এ সময় তিনি ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা (এনএসএ) অজিত দোভাল এবং পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করেন। খলিলুর রহমান-জয়শঙ্কর বৈঠক: শেখ হাসিনাকে প্রত্যর্পণের দাবি, প্রধানমন্ত্রীর ভারত সফর নিয়ে আলোচনাখলিলুর রহমান-জয়শঙ্কর বৈঠক: শেখ হাসিনাকে প্রত্যর্পণের দাবি, প্রধানমন্ত্রীর ভারত সফর নিয়ে আলোচনা এরপর ১০ এপ্রিল মরিশাসের পোর্ট লুইসে নবম ভারত মহাসাগরীয় সম্মেলন থেকে দেশে ফেরার আগে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ওই বৈঠকের বিষয়ে কথা বলেছিলেন খলিলুর রহমান। তিনি বলেন, 'বিদ্যমান প্রত্যর্পণ চুক্তির আওতায় আমরা আগেই শেখ হাসিনাকে ফেরত চেয়েছি। এই সফরে আমরা সেই দাবিরই পুনরাবৃত্তি করেছি।' তবে কৌশলগত কারণে আলোচনার সব তথ্য এখনই প্রকাশ করতে রাজি হননি তিনি। প্রসঙ্গত, ২০২৪ সালের ৫ আগস্ট ঢাকায় ছাত্র-জনতার তীব্র গণ-আন্দোলনের মুখে দেশ ছাড়ার পর থেকে শেখ হাসিনা ভারতের রাজধানী দিল্লিতে অবস্থান করছেন।

হজের প্রথম ফ্লাইট ১৮ এপ্রিল যাবেন ৪১৯ জন হজযাত্রী

কীর্তনখোলা ডেস্ক

সৌদি সরকার ঘোষিত হজ ব্যবস্থাপনার রোডম্যাপ অনুসারে ১৮ এপ্রিল হজ ফ্লাইট শুরু হবে। ১৭ এপ্রিল রাত ১১টা ৩৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে হজ ফ্লাইটের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। উদ্বোধনী ফ্লাইটে থাকবেন ৪১৯ জন হজযাত্রী। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, এবছর বাংলাদেশ থেকে হজের উদ্বোধনী ফ্লাইটটি ১৮ এপ্রিল প্রথম প্রহরে রাত ১২টা ২০ মিনিটে ৪১৯ জন হজযাত্রী নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সৌদি আরবের জেদ্দার কিং আব্দুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্দেশে ছেড়ে যাবে। এদিন মোট ১৪টি ফ্লাইট রয়েছে, যার মধ্যে ছয়টি বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, চারটি সৌদি আরবের সাউদিয়া ও চারটি ফ্লাইনাস পরিবহন করবে। ২০২৬ সালে বাংলাদেশ থেকে ৭৮ হাজার ৫০০ জন হজযাত্রী পবিত্র হজ পালন করবেন জানিয়ে এতে আরও বলা হয়, এর মধ্যে সরকারি মাধ্যমে ৪ হাজার ৫৬৫ জন এবং হজ এজেন্সির মাধ্যমে ৭৩ হাজার ৯৩৫ জন হজ পালনের জন্য যাবেন। সৌদি আরবের সঙ্গে স্বাক্ষরিত হজচুক্তি অনুসারে মোট হজযাত্রীর শতকরা ৫০ ভাগ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স পরিবহন করবে। বাকি ৫০ ভাগের মধ্যে সৌদি আরবের সাউদিয়া শতকরা ৩৫ ভাগ ও ফ্লাইনাস ১৫ ভাগ হজযাত্রী পরিবহন করবে। ২১ মে প্রি-হজ ফ্লাইট শেষ হবে। প্রি-হজ ফ্লাইট ২০৭টি, যার মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ১০২টি, সাউদিয়ার ৭৫ টি ও ফ্লাইনাস ৩০টি ফ্লাইট পরিচালনা করবে। চাঁদ দেখা সাপেক্ষে ২৬ মে পবিত্র হজ অনুষ্ঠিত হবে। হজের আনুষ্ঠানিকতা শেষে ৩০ মে হতে ফিরতি ফ্লাইট শুরু হবে এবং তা ১ জুলাই শেষ হবে।

আইএমএফ ঋণের কিস্তি নিয়ে অনিশ্চয়তা, হাল ছাড়েনি বাংলাদেশ

কীর্তনখোলা ডেস্ক

কম রাজস্ব আহরণ ও ব্যাংকিং খাতের সংস্কারের কারণে অনিশ্চয়তা দেখা গেছে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ঋণের কিস্তি প্রাপ্তিতে। যার পরিমাণ ১ দশমিক ৩ বিলিয়ন মার্কিন ডলার। তবে, এই ঋণ পেতে আইএমএফ এর সঙ্গে আলোচনা চালিয়ে যাচ্ছে বাংলাদেশ। অতিরিক্ত শর্তসহ একটি নতুন ঋণ কর্মসূচি নিয়ে আলোচনা শুরু করার প্রস্তাব দিয়েছে সংস্থাটি। শনিবার (১৮ এপ্রিল) সংস্থাটির প্রধান কার্যালয় ওয়াশিংটন ডিসিতে আইএমএফ ও বিশ্বব্যাংকের চলমান বসন্তকালীন বৈঠকে ঋণের বিষয়ে আলোচনা হবে। বৈঠকে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীসহ সংশ্লিষ্টরা উপস্থিত থাকবেন। বৈঠক শেষে এই বিষয়ে কথা বলবেন অর্থমন্ত্রী। সংস্থাটি জানায়, চলমান ৫ দশমিক ৫ বিলিয়ন ডলারের ঋণ কর্মসূচির আওতায় চলতি অর্থবছরের জুনের মধ্যে ১ দশমিক ৩ বিলিয়ন ডলার পাওয়ার আশা করছে বাংলাদেশ, যা নিয়ে তৈরি হয়েছে অনিশ্চয়তা। আইএমএফ বলছে, কাঙ্ক্ষিত সহযোগিতা পেতে সংস্কার কার্যক্রম এগিয়ে নিতে হবে বাংলাদেশকে। ওয়াশিংটনে চলমান বসন্তকালীন বৈঠকে বাংলাদেশকে এমন বার্তা দিয়েছে বিশ্বব্যাংক ও আইএমএফ। যদিও অর্থমন্ত্রীর দাবি, আগামীদিনে বাংলাদেশে অর্থায়নের ক্ষেত্রে ইতিবাচক অবস্থানে দাতাসংস্থাগুলো। বিশ্বব্যাংক ও আইএমএফের বসন্তকালীন সভার চতুর্থ দিনের সংবাদ সম্মেলনে বৃহস্পতির (১৬ এপ্রিল) আইএমএফের এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের পরিচালক কৃষ্ণা শ্রীনিবাসন সাফ জানিয়ে দিয়েছেন, বাংলাদেশ সংস্কার কার্যক্রম কতটা এগিয়ে নিচ্ছে, সেদিকেই নজর রাখছে আইএমএফ। এর ওপরই নির্ভর করবে আগামী দিনের অর্থছাড়। এছাড়া, সম্প্রতি সংসদে পাস হওয়া ব্যাংক রেজল্যুশন বিলে সরকার ১৮ক ধারা যুক্ত করে রেজল্যুশনের জন্য তালিকাভুক্ত করা ব্যাংকগুলোতে পুরনো মালিকদের ফিরে আসার সুযোগ দেওয়ায় উদ্বেগ প্রকাশ করেছে আইএমএফ। সমস্যাগ্রস্ত ব্যাংকের আমানতকারীদের ক্ষতিপূরণ দিতে বাজেটের অর্থ ব্যবহারের সরকারি পরিকল্পনারও সমালোচনা করেছে সংস্থাটি। তাদের মতে, আমানতকারীদের পাওনা মেটাতে বাজেট থেকে অর্থ খরচ না করে ডিপোজিট ইন্স্যুরেন্স স্কিম বা অন্য কোনো ব্যবস্থার মাধ্যমে দেওয়া উচিত। তবে, বর্তমান কর্মসূচি নিয়ে আইএমএফের কঠোর অবস্থানের কারণে ওয়াশিংটনে অবস্থানরত বাংলাদেশ প্রতিনিধিদল তুলনামূলক সহজ শর্তে অতিরিক্ত অর্থায়নের সম্ভাবনা নিয়েও বিশ্বব্যাংকের সঙ্গে আলোচনা করছে। গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত শেখ হাসিনা সরকারের সময় ২০২৩ সালে আইএমএফ এর সঙ্গে ৪ দশমিক ৭ বিলিয়ন ডলারের ঋণচুক্তি সই করে বাংলাদেশ। অন্তবর্তীকালীন সরকারের সময় ঋণের পরিমাণ আরও ৮০০ মিলিয়ন ডলার বাড়ানো হয়। ফলে ঋণ কর্মসূচির মোট আকার দাঁড়ায় ৫.৫ বিলিয়ন ডলার। এর মধ্য থেকে বাংলাদেশকে মোট ৩ দশমিক ৬৪ বিলিয়ন ডলার ঋণের অর্থ ছাড় করেছে আইএমএফ। গত ডিসেম্বরে আরেকটি কিস্তি পাওয়ার কথা থাকলেও নির্বাচিত সরকারের সঙ্গে আলোচনা না করে ঋণের অর্থ ছাড় করার ব্যাপারে আপত্তি জানিয়ে তা আটকে রাখে সংস্থাটি। ডিসেম্বরের বকেয়া কিস্তির সঙ্গে আগামী জুনের একটি কিস্তি মিলিয়ে জুন মাসেই ১ দশমিক ৩ বিলিয়ন ডলার পাওয়ার আশা করেছিল বাংলাদেশ। ওয়াশিংটনে এক সংবাদ সম্মেলনে আইএমএফের এশিয়া ও প্যাসিফিক বিভাগের পরিচালক কৃষ্ণা শ্রীনিবাসন বলেন, তিনি সাম্প্রতিক বৈঠকে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান ও অর্থমন্ত্রী আমির খসরুর সঙ্গে বড় ধরনের সংস্কারের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেছেন। তবে এদিন বিভিন্ন পক্ষের সঙ্গে বৈঠক শেষে অর্থমন্ত্রী জানান, বাংলাদেশে অর্থায়নে ইতিবাচক মনোভাব দেখাচ্ছে দাতাসংস্থাগুলো। অর্থমন্ত্রী দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী মার্কিন পররাষ্ট্রমন্ত্রী পল কাপুরের সঙ্গেও বৈঠক করেন। যেখানে আলোচনা হয় দুই দেশের বাণিজ্য ও পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি প্রসঙ্গে।

গাছ কাটাকে কেন্দ্র করে

চাইলে সোহেল জমাদ্দার, শুভ জমাদ্দার ও হৃদয় জমাদ্দারসহ কয়েকজন তাদের ওপর হামলা চালায়। এ সময় ধারালো অস্ত্র ও লোহার রড দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে ও পিটিয়ে গুরুতর জখম করা হয়। আহত সুমন জমাদ্দার জানান, হামলাকারীরা তার শরীরের বিভিন্ন স্থানে রড দিয়ে আঘাত করে এবং তার ভাই সবুজের মাথায় ধারালো অস্ত্র দিয়ে কোপ দেয়। এছাড়া তার দুই পায়েও গুরুতর জখম করা হয়েছে বলে তিনি দাবি করেন। ঘটনার পর আহতদের উদ্ধার করে দ্রুত বরিশাল শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। এ ঘটনায় থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। বেতাগী থানার এএসআই সুজন জানান, অভিযোগ পাওয়া গেছে এবং অভিযুক্তদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে। ঘটনার তদন্ত চলছে। এদিকে ভুক্তভোগীরা এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

কাঠালিয়ায় সরকারের ক্যাশলেস ভিশন-২০৩১ বাস্তবায়নে ক্যাম্পেইন

কাঠালিয়া প্রতিনিধি

বাংলাদেশ সরকারের ক্যাশলেস ভিশন-২০৩১ বাস্তবায়নে পূবালী ব্যাংক কাঠালিয়া শাখার উদ্যোগে শিক্ষার্থীদের নিয়ে ২দিন ব্যাপী ডিজিটাল ক্যাম্পেইন, আলোচনা সভা ও র‍্যালি অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার কাঠালিয়া সরকারি তফাজ্জল হোসেন মানিক মিয়া ডিগ্রী কলেজ সভাকক্ষে এর সমাপনী অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ শহীদুল ইসলাম। পূবালী ব্যাংক কাঠালিয়া উপ-শাখার ব্যবস্থাপক মোঃ মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন- পূবালী ব্যাংক ভান্ডারিয়া শাখার ব্যবস্থাপক মোঃ সোহরাব হোসেন, প্রভাষক মোঃ আঃ সালাম, আরজু আক্তার, হাসানুজ্জামান প্রমুখ। ক্যাম্পেইনে শিক্ষার্থীদের সহজ উপায়ে মোবাইলে ব্যাংকিং অ্যাপসেরমাধ্যমে ঘরে বসে পূবালী ব্যাংকের একাউন্ট, ডিপিএস, এফডিআর করতে পারবেন তার ধারণা দেয়া হয়। এ ছাড়াও অ্যাপসের মাধ্যমে মোবাইল রিচার্জ, বিদ্যুৎ বিল, ডিপিএসের টাকা জমা দেয়া সহ বিভিন্ন সুযোগ সুবিধার ধারণা দেয়া হয়।

হাম ও উপসর্গে প্রাণ গেল

সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ১৭৪ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন তিন হাজার ১৯২ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ২১ হাজার ৪৬৭ জন। এ পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ১৩ হাজার ৮৯৮ জন এবং হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ১১ হাজার ২৪৩ জন।

ঢাকা-কুয়াকাটা মহাসড়ক

আকন নামের আরেক বক্তা বলেন, 'দক্ষিণাঞ্চলবাসীর যাতায়াত নিরাপদ করতে সরকারকে অতি দ্রুত কার্যকর পদক্ষেপ নিতে হবে। দ্রুত সময়ের মধ্যে চার লেনে উন্নীতকরণের কাজ শুরু না হলে ভবিষ্যতে আরো কঠোর আন্দোলনের ডাক ও কর্মসূচি দেয়া হবে।' গণঅনশন কর্মসূচি থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে স্মারকলিপি দেয়ার ঘোষণাও দেন আন্দোলনরত বিভিন্ন নাগরিক সমাজের নেতারা।

গৌরনদীতে সাংবাদিককে হত্যার

বলেন, একজন সাংবাদিককে হত্যার হুমকি দেওয়া মানে শুধু একজন ব্যক্তিকে নয়, পুরো গণমাধ্যম ও মতপ্রকাশের স্বাধীনতাকে হুমকির মুখে ঠেলে দেওয়া। তাঁরা অবিলম্বে হুমকিদাতাকে শনাক্ত করে গ্রেপ্তার এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। তাঁরা আরও বলেন, দেশে অতীতে সাংবাদিক নির্যাতন ও হত্যার বহু ঘটনায় বিচার ঝুলে থাকায় অপরাধীরা উৎসাহিত হচ্ছে। এই পরিস্থিতি থেকে উত্তরণে দ্রুত ও কার্যকর তদন্তের মাধ্যমে দোষী ব্যক্তিদের শাস্তি নিশ্চিত করা জরুরি। সমাবেশ থেকে সাংবাদিক জহিরের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানানো হয়। একই সঙ্গে সারা দেশে সাংবাদিকদের পেশাগত নিরাপত্তা জোরদারের আহ্বান জানান বক্তারা। দ্রুত সময়ের মধ্যে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় আনা না হলে সাংবাদিক সমাজ আরও কঠোর কর্মসূচি দিতে বাধ্য হবে বলে হুঁশিয়ারিও দেন তাঁরা।

এক বছর আগে যার রিকশার ভাড়া ছিল না

এসব কথা বলেন। স্পিকার বলেন, কোনো একটা পদ পেলে কিংবা কোনো ধরনের সুযোগ সুবিধা পেলে চাঁদাবাজি করে হোক, দুর্নীতি করে হোক, নিজের পদ বিক্রি করে হোক; বিশাল অর্থসম্পদের মালিক হয়ে যায় রাজনৈতিক দলের নেতারা। গত ১৬ বছরে যে লুটপাট হয়েছে, শেখ হাসিনা সরকার করেছে, এক কথায় অকল্পনীয়। বাইরের দেশে বাংলাদেশ একটা লুটেরা জাতি হিসেবে খ্যাতি অর্জন করেছে। তিনি বলেন, একেকটা মন্ত্রীর ৩০০-৪০০ করে বাড়ি, লন্ডন, আমেরিকা, ডুবাইতে। সীমাহীন লুটপাট তারা করেছে, অবশেষে আল্লাহর গজব তাদের ওপর এসেছে। তারা ভেবেছে কেয়ামত পর্যন্ত থাকবে, এভাবে লুটপাট করে যাবে। আল্লাহর গজব তাদের উপরে পড়েছে। স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম বলেন, আওয়ামী লীগের উদাহরণ আমাদের চোখের সামনে আছে। অন্যায় অপরাধ লুটপাট সন্ত্রাস করলে কী হয় ফলাফল তো দেখছেন সবাই। ২০১৮ সালে নির্বাচন করতে এসেছিলাম (ভোলা-৩, লালমোহন-তজুমদ্দিন আসনে)। লঞ্চঘাট থেকে মিছিল করে বাড়িতে যাওয়ার পর পুলিশ এসে আমার বাড়িটা ঘিরে ফেলল। আওয়ামী লীগের সন্ত্রাসীরা আমার বাসার চারিদিকে অবস্থান নিল, নির্বাচনের দিনও ঘর থেকে বের হতে পারলাম না। ৬ বারের এমপি গৃহবন্দী, এই ছিল আওয়ামী লীগ আমলের নির্বাচন। তারা ভেবেছিল এভাবেই দিন যাবে। স্পিকার আরও বলেন, আমি ধন্যবাদ জানাই, বাংলাদেশের সাহসী ছাত্র সমাজকে, তাদের অভিভাবকদেরকে এবং যেসব রাজনৈতিক দল এ মাফিয়াদের বিরোধিতা করেছে। তারা এ মাফিয়া সরকারকে বিদায় করে বাংলাদেশের উন্নয়নের পথকে সুগম করেছে। অনেক রাজনৈতিক দল এখানেও আছে (তজুমদ্দিন উপজেলায়) দেশেও আছে। আপনাদের কাছে আমার অনুরোধ হল- দলবাজি আর করবেন না। রাজনৈতিক মতাদর্শের কারণে কাউকে কোনো ধরনের হয়রানি করবেন না। জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম বলেন, জামায়াতে ইসলামী ভদ্রলোকের দল, সংসদে তারা খুব ভালো ব্যবহার করে। একসময় তারা আমাদের মিত্র দল ছিল। তাদেরকে অনুরোধ করব, আপনারা এবং বিএনপি মিলেমিশে চলবেন। যারা মাফিয়া সরকারের বিরুদ্ধে ঐক্যবদ্ধ ছিল, এ ঐক্য যেন না ভাঙে। ঐক্য ভাঙলে ভারত থেকে আবার চলে আসবে দাদারা। তারা এসে আবার এদেশে আগের মতো লুণ্ঠনের রাজ্য কায়েম করতে চায়। আমরা আর এই ধরনের বাংলাদেশ দেখতে চাই না। যেখানে মানুষ গুম হবে, ভয়ে থাকবে, আতঙ্কে ঘুমাতে পারবে না, মিথ্যা মামলার ভয়ে বাবা মায়ের জানাজায় আসতে পারবে না, এই অবস্থার অবসান চাই। এসময় গণসংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তজুমদ্দিন উপজেলা বিএনপির সভাপতি গোলাম মোস্তফা মিন্টু ও সঞ্চালনা করেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ওমর আসাদ রিন্টু।

ভাণ্ডারিয়ায় চুরির হিড়িক, আতঙ্কে

পরিবারের দুএকজন সদস্য পুকুরের মাছ চুরিসহ পুকুরে বিষ প্রয়োগ করে মাছ ধরে তা বিভিন্ন স্থানে বিক্রী করে মাদকের অর্থ যোগান দিয়ে থাকে বলে উপজেলা সদরে প্রত্যক্ষ, পরোক্ষ দর্শীদের মুখে শোনা যাচ্ছে। এসকল চোরাই মাল বিক্রী হয় স্থানীয় ভাঙ্গীরর দোকেনে ছাড়াও বরিশাল ভাঙ্গারীর দোকানে। যদিও কোস্টগার্ড,থানা পুলিশ গেল কয়েক দিন পূর্বে পৃথক অভিযানে ১৭টি গরু চুরির ঘটনায় এক নারীসহ ছয় চোরকে গ্রেফতারও করেছে। উপজেলা প্রশাসনের উদ্যোগে গত মাসের মাসিক আইনশৃংঙ্খলা সভায় এসকল তথ্য উঠে আসলে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে এ অসামাজিক কার্যকলাপ ঠেকাতে সকলের সহোযোগীতাও কামনা করেছেন। গেল কয়েক দিন বিভিন্ন এলাকায় সরেজমিনে স্থানীয় সাংবাদিকরা অনুসন্ধানে গেলে স্ব স্ব স্থানীয়দের অভিযোগ, গভীর রাতে সংঘবদ্ধ চোরচক্র বিভিন্ন এলাকায় ঘুরে বেড়াচ্ছে এবং সুযোগ বুঁঝে ঘরে ঢুকে মালামাল নিয়ে যাচ্ছে। কোথাও আবার বিদ্যুতের সার্ভিস লাইনের তার কেটে নেওয়া হচ্ছে, কোথাও টিউবওয়েল খুলে নিয়ে যাচ্ছে, আবার কোথাও নির্মাণ সামগ্রী চুরি হচ্ছে। ফলে সাধারণ মানুষের মাঝে আতঙ্ক ক্রমেই বাড়ছে। গত মঙ্গলবার (১৫এপ্রিল) দিবাগত রাতে পৌর সভার ৪নম্বর ওয়ার্ডের বাসিন্দা 'উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক দোলোয়ার হোসেন বিপ্লবের বাসায় বড় ধরনের চুরির ঘটনা ঘটে'। দেলোয়ার বর্তমানে রাজধানী ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন থাকায় বাড়ি ছিল তালা বদ্ধ। এ সুযোগ কাজে লাগিয়ে দুর্বৃত্তরা লোহার সাপল দিয়ে বাসার পেছনের দরজার ছিটকিনি ভেঙে ঘরে প্রবেশ করে স্টীলের আলমিরা থেকে একটি প্লাসিএকর বাক্সে থাকা তার স্ত্রীর প্রায় ৪ ভরি স্বর্ণালঙ্কার, নগদ ৮০ হাজার টাকা এবং জমির দলিলসহ গুরুত্বপূর্ণ কাগজপত্র চুরি করে নিয়ে যায়। জানা গেছে। খবর পেয়ে ভাণ্ডারিয়া থানা পুলিশ কয়েক দফা তার বাড়িতে গিয়েছেন বলে তার স্ত্রী জানান। এ দিকে উপজেলা সদরের একটি ঐতিহ্যবাহি পরিবারের স্টাফ কোয়ার্টার থেকে একদল চোর ঐ বাড়ির বৈদ্যতিক সার্ভিস তার কাটার চেষ্টা করলে নাইডগার্ডদের পাহাড়ার কারনে তা ব্যার্থ হয় বলে জানান ঐ ভবনের নাইটগার্ড। এদিকে গত ১৪ এপ্রিল একই রাতে পৌরসভার ২ নম্বর ওয়ার্ডে একাধিক বাড়িতে চুরির চেষ্টা চালানো হয়। মিলন শরীফ, নুর আলম হাওলাদার, নুরুজ্জামান হাওলাদার ও ইলিয়াস হোসেন কারীর দুটি ঘরের বিদ্যুতের সার্ভিস লাইনের তার কেটে ফেলে চোরেরা। তবে বাড়ির লোকজন টের পেয়ে গেলে চোরেরা তার ফেলে দ্রুত পালিয়ে যায়। একই ওয়ার্ডের বাসিন্দা ইউনুস লাহারীর বাড়ি থেকে টিউবওয়েল খুলে নিয়ে যায় চোরেরা। এছাড়া ইয়ারুন বেগমের বাসার সার্ভিস লাইনের তারও চুরি হয়েছে বলে জানা গেছে। অন্যদিকে পৌরসভার ১ নম্বর ওয়ার্ডে সোহাগ বেপারীর নির্মাণাধীন ভবনের ছাদের রড কেটে নিয়ে যাওয়ার ঘটনাও ঘটেছে। এতে তিনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে জানান তিনি ।এছাড়াও গত ২ এপ্রিল উপজেলার উত্তর ভিটাবাড়িয়া গ্রামের কৃষক মোঃ লোকমান সিকদারের গোয়ালঘরের তালা ভেঙে ৩টি গরু চুরির ঘটনা ঘটে। গভীর রাতে সংঘটিত এ ঘটনায় সকালে গোয়ালঘর খালি দেখে পরিবারের সদস্যরা হতবাক হয়ে পড়েন। পরে বিষয়টি এলাকায় ছড়িয়ে পড়লে স্থানীয়দের মধ্যে চাঞ্চল্যের সৃষ্টি হয়। এর আগে গত ১৭ ও ১৮ মার্চ পুলিশের পৃথক অভিযানে মোট ১৭টি চোরাই গরু উদ্ধার করা হয়। এ সময় এক নারীসহ ৫ জনকে আটক করা হয়। উদ্ধার হওয়া গরুগুলো বিভিন্ন এলাকা থেকে চুরি করা হয়েছিল বলে ধারণা করা হচ্ছে। তবে ধারাবাহিক অভিযানের পরও চোরচক্র সক্রিয় থাকায় সাধারণ মানুষের উদ্বেগ কাটছে না। উপজেলার ৭নম্বর গৌরীপুর ইউনিয়নের ৪নম্বর ওয়ার্ডের বাসিন্দা শ্রী রনজীৎ সাধুর 'শ্রী শ্রী গণেশ মন্দির থেকে ভক্তদের দানের টাকা,পাঁচটি পিতলের কলস এবং পিতলের পাঁজাল প্রদীপ নিয়ে যায় চোরেরা। একই ইউনিয়নের ৯নম্বর ওয়ার্ডের বাসিন্দা শিক্ষক আবু বকরের ঘর থেকে নগদ ৩৫হাজার টাকা এবং স্বর্ণাংলঙ্কারসহ প্রায় পাঁচ লাখ টাকার মালামাল চরি হয়েছে বলেও জানান তিনি। সরেজমিনে এসকল এলাকার বাসিন্দারা সাংবাদিকদের জানান, আগে কখনো সখনো বিচ্ছিন্নভাবে দু একটি চুরির ঘটনা ঘটলেও বর্তমানে পরিস্থিতি আশঙ্কাজনক পর্যায়ে পৌঁছেছে। এখন প্রায় প্রতি রাতেই উপজেলার কোনো না কোনো এলাকায় চুরি কিংবা চুরির চেষ্টা হচ্ছে। রাত নামলেই সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। অনেকেই নিরাপত্তার জন্য রাত জেগে পাহারা দিচ্ছেন। সারারাত চোরের ভয়ে অনেকে ঠিকমতো ঘুমাতে পারছেন না। স্থানীয়দের ভাষ্য, এমন পরিস্থিতি আগে কখনো দেখা যায়নি। ভূক্তভোগীসহ সচেতন মহলের দাবি এ উপজেলায় কুষ্টিয়া এবং গোপালগঞ্জের প্রায় ১৭/১৮টি ভাঙ্গরীর দোকান নজরে রাখলে এ চোরদের সহ এদের মূল হোতা ধরা সম্ভব বলেও তাদের দাবি। এ বিষয়ে উপজেলা মাসিক আইনশৃংঙ্খলা সভায় ভাণ্ডারিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) দেওয়ার জগলুল হাসান জানান, থানা পুলিশের পক্ষ থেকে চুরির ঘটনা এড়াতে আমরা দৃঢ় ভাবে কাজ করছি। এসময় তিনি তাদের সহায়তা করার জন্য সকলের প্রতি উদত্ব আহবান জানান।

জ্বালানি সংকটে বন্ধের মুখে

কর্মসংস্থান সৃষ্টি হয়েছিল। তবে সাম্প্রতিক জ্বালানি সংকটে উৎপাদন মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। কারখানা মালিক জামাল উদ্দিন খান বলেন, প্রতিদিন কারখানা চালাতে ৩৫০ থেকে ৪০০ লিটার তেল প্রয়োজন হলেও তা পাওয়া যাচ্ছে না। ফলে উৎপাদন বন্ধের উপক্রম হয়েছে। শ্রমিকদের বসিয়ে বসিয়ে বেতন দিতে হচ্ছে, এভাবে আর বেশি দিন চালানো সম্ভব নয়। অন্য কারখানা মালিক ফাহিম খান জানান, তাদের কারখানায় মুড়ি, আটা, ময়দা ও স্কুল ফিডিং সামগ্রী উৎপাদন করা হয়। কিন্তু জ্বালানি সংকটের কারণে এসব পণ্যের উৎপাদন বন্ধের পথে। তিনি দ্রুত তেল সরবরাহ নিশ্চিত করতে সরকারের হস্তক্ষেপ কামনা করেন। উৎপাদন ব্যাহত হওয়ায় পরিবহন ব্যবস্থাও প্রায় বন্ধ হয়ে গেছে। এতে বিপুল পরিমাণ পণ্য কারখানায় অবিক্রীত অবস্থায় পড়ে আছে। শ্রমিকদের বেতন দিতে গিয়ে মালিকরা হিমশিম খাচ্ছেন। শ্রমিক নোমান ও সোহাগ বলেন, কারখানা বন্ধ হয়ে গেলে আমাদের পরিবার নিয়ে বাঁচা কঠিন হয়ে যাবে। আমরা দিনমজুরির ওপর নির্ভরশীল। ভোলা বিসিক শিল্প নগরীর কর্মকর্তা হাফিজুর রহমান বলেন, জ্বালানি সংকটের বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে এবং দ্রুত সমাধানের চেষ্টা করা হবে। এ বিষয়ে ভোলা জেলা প্রশাসক ডা. আজাদ জাহান জানান, কারখানাগুলোর উৎপাদন স্বাভাবিক রাখতে মালিকদের আবেদনের ভিত্তিতে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। বর্তমান পরিস্থিতিতে বিসিক শিল্প নগরীর উৎপাদন ও পরিবহন ব্যবস্থা সচল রাখতে জরুরি ভিত্তিতে জ্বালানি সরবরাহ নিশ্চিত করার দাবি জানিয়েছেন মালিক ও শ্রমিকরা।

ভিক্ষুককে কম দামে ওষুধ

এর বিরূপ প্রভাবে আর কেউ সহায়তার হাত বাড়াবে না। প্রগতি মেডিকেল হলের পরিচালক সুদীপ্ত পাল জানান, বৃহস্পতিবার দুপুরে অসহায় এক ভিক্ষুক তার কাছে একটি ভিটামিন সিরাপ ক্রয় করতে আসেন। তার কাছে ওষুধের নির্ধারিত টাকা না থাকায় তাকে সিরাপটি মানবিক কারণে মাত্র ১০০ টাকায় প্রদান করা হয়। এতেই ক্ষিপ্ত হয়ে সমিতির নেতারা একদিনের জন্য ফার্মেসি বন্ধ রাখার নির্দেশনা দেন। তাদের নির্দেশনা অমান্য করলে বড় অঙ্কের অর্থদণ্ড করা হবে বলে হুঁশিয়ারি দেয় সমিতি কর্তৃপক্ষ। এ বিষয়ে জানতে চাইলে কলাপাড়া কেমিস্ট এন্ড ড্রাগ অ্যাসোসিয়েশনের সভাপতি ইব্রাহিম খলিল ভিন্ন কৌশল অবলম্বন করে বলেন, দোকান বন্ধ করতে সমিতি কোনো নির্দেশনা দেয়নি। প্রগতি মেডিকেল হল ভেজাল ওষুধ বিক্রি করায় তার দায় স্বীকার করে একদিনের জন্য দোকান বন্ধ রেখেছে। তিনি আরও বলেন, কাউকে দয়া দেখালে তিনি (সুদীপ্ত পাল) ওষুধ একেবারে ফ্রি দেবেন। কিন্তু ওই ভিক্ষুকের কাছ থেকে তিনি ১০০ টাকা রেখেছেন। তারা প্রায়ই কম দামে ভেজাল ওষুধ বিক্রি করে। তবে কোনো প্রতিষ্ঠান বন্ধ রাখার ক্ষমতা কোনো সংগঠনের রয়েছে কিনা জানতে চাইলে তিনি কোনো সদুত্তর দিতে পারেননি। অপরদিকে, ফাতেমা মেডিকেল হল নামের বৃহৎ ওষুধ দোকানি মোশাররফ হোসেন কালবেলাকে বলেন, এর আগে তার কাছ থেকে প্রায় ৬০ হাজার টাকা জরিমানা আদায় করেছে এই সমিতি কর্তৃপক্ষ। মূলত, মোড়কে বেশি মূল্য লেখা (এমআরপি) ওষুধগুলো ক্রেতাদের কাছে একটু কম দামে বিক্রি করার জন্য সমিতির কাছে বহুবার অনুরোধ করা হয়েছে। কিন্তু তারা কখনোই এ বিষয়ে ছাড় দিতে রাজি হননি। এছাড়াও একাধিক ওষুধ দোকানির অভিযোগ, সমিতির মাধ্যমে সিন্ডিকেট করে এক ধরনের জুলুম করা হচ্ছে। এদের ইচ্ছার বিরুদ্ধে গেলেই গুনতে হচ্ছে জরিমানা। তাই অনেক দোকানিরা সরকারি হস্তক্ষেপ কামনা করছেন। এ বিষয়ে কলাপাড়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ইয়াসিন সাদেক কালবেলাকে বলেন, কোনো সমিতি বা সংগঠন কোনো ধরনের প্রতিষ্ঠান সিলগালা করতে পারে না। বিষয়টি খোঁজখবর নিয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

হরমুজ ইস্যুতে ৪০ দেশের

হরমুজ প্রণালি আবার চালুর উদ্যোগ নিয়ে আলোচনা হবে। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক বিবৃতিতে বলা হয়েছে, বিশ্বনেতারা প্রণালিটি আবার চালু করতে একটি আন্তর্জাতিক মিশন গঠনের উদ্যোগ নেবেন। বৈঠকে প্রায় ৪০টি দেশের নেতারা ইরানের যুদ্ধবিরতি সমর্থন করবেন বলে আশা করা হচ্ছে। পাশাপাশি হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের নিরাপত্তা নিয়ে আলোচনা করবেন তারা। গত ২৮ ফেব্রুয়ারি ইরানে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলা শুরু হয়। এর পর থেকে তেহরান নিজেদের ছাড়া অন্যান্য জাহাজের জন্য হরমুজ প্রণালি কার্যত বন্ধ করে রেখেছে। যুদ্ধবিরতির পর সেটি খুলে দেওয়ার আশা জাগলেও উল্টো কাজ ঘটে। যুক্তরাষ্ট্র গত সোমবার ইরানের বন্দরে প্রবেশ বা সেখান থেকে বের হওয়া জাহাজের ওপর অবরোধ আরোপ করে। এদিকে ইরানের সঙ্গে যুদ্ধে ভালো অবস্থানে আছে যুক্তরাষ্ট্র। মার্কিনিরাই সাফল্য পাবে এবং এ যুদ্ধ শিগগির শেষ হবে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এমনটাই মনে করেন। তিনি বলেছেন, ইরানের সঙ্গে যুদ্ধ 'সাফল্যের সঙ্গে' এগোচ্ছে। এটি শিগগিরই শেষ হবে। নেভাদা অঙ্গরাজ্যের লাস ভেগাসে এক অনুষ্ঠানে ট্রাম্প এ মন্তব্য করেন। শুক্রবার আলজাজিরার প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। ডোনাল্ড ট্রাম্প বলেন, যুদ্ধের অগ্রগতি সন্তোষজনক এবং পরিস্থিতি দ্রুত শেষের দিকে যাচ্ছে। এর আগে অন্য অনুষ্ঠানে তিনি বলেন, যুক্তরাষ্ট্র ইরানের সঙ্গে চুক্তি করার খুবই কাছাকাছি অবস্থানে রয়েছে।

ইরানের তাড়া খেয়ে হরমুজ থেকে

(আইআরজিসি) নৌবাহিনী মার্কিন যুদ্ধজাহাজ লক্ষ্য করে একাধিক ক্রুজ ক্ষেপণাস্ত্র প্রস্তুত করেছিল, যার পরপরই মার্কিন বাহিনী দ্রুত হরমুজ থেকে পালিয়ে যায়। প্রতিবেদন অনুযায়ী, ১১ এপ্রিল হরমুজ প্রণালিতে আইআরজিসির নৌবাহিনী ও মার্কিন সামরিক বাহিনীর মধ্যে এই মুখোমুখি পরিস্থিতি তৈরি হয়। মার্কিন যুদ্ধজাহাজ ইউএসএস মাইকেল মারফি (ডিডিজি-১২) এবং ইউএসএস ফ্র্যাংক ই পিটারসন (ডিডিজি-১২১) প্রথম সতর্কবার্তা উপেক্ষা করলে আইআরজিসি নৌবাহিনী জাহাজ দুটির ওপর ১৬টি ক্রুজ ক্ষেপণাস্ত্র লক করে। এরপর মার্কিন বাহিনীকে জানানো হয়, নির্দিষ্ট সময়ের মধ্যে তারা যদি প্রণালি ত্যাগ না করে, তবে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হবে। সম্ভাব্য হামলার আশঙ্কায় মার্কিন সেনারা আইআরজিসির কাছে ১৫ মিনিট সময় চায়। জানা গেছে, এই সময়ের মধ্যে তারা নিজেদের কমান্ডের সঙ্গে যোগাযোগ করে নির্দেশনা নেওয়ার চেষ্টা করে। পুরো উত্তেজনাপূর্ণ পরিস্থিতি এক ঘণ্টারও কম সময় স্থায়ী হয় এবং শেষ পর্যন্ত মার্কিন ডেস্ট্রয়ারগুলো দ্রুত এলাকা ত্যাগ করে। এর আগেও ১২ এপ্রিল প্রকাশিত এক অনুসন্ধানে প্রেস টিভি জানিয়েছিল, ইসলামাবাদে ইরান-যুক্তরাষ্ট্র আলোচনা চলাকালে প্রভাব বিস্তারের উদ্দেশ্যে মার্কিন বাহিনী এক অভিযান চালায়, যা শেষ পর্যন্ত ব্যর্থ হয়। প্রতিবেদনে আরও বলা হয়, মার্কিন নৌবাহিনীর এই দুইটি আরলেই বার্ক শ্রেণির ডেস্ট্রয়ার হরমুজ প্রণালি অতিক্রমের চেষ্টা করলে আইআরজিসি নৌবাহিনী তা প্রতিহত করে এবং পিছু হটতে বাধ্য করে। তদন্তে দাবি করা হয়, জাহাজ দুটি নিজেদের পরিচয় গোপন করে ওমানের বাণিজ্যিক জাহাজ হিসেবে ছদ্মবেশে সমুদ্রপথে চলাচল করছিল। তারা উপকূলের খুব কাছাকাছি ও অগভীর পানির পথ ব্যবহার করে গোপনে অগ্রসর হওয়ার চেষ্টা করে, যাতে আইআরজিসি বাহিনী তাদের শনাক্ত করতে না পারে। তবে ফুজাইরাহ উপকূলের আশপাশে টহলরত আইআরজিসি নৌবাহিনী আগেই এই কৌশল শনাক্ত করে এবং দ্রুত ব্যবস্থা নেয়। প্রতিবেদন অনুযায়ী, যুক্তরাষ্ট্রের এই ব্যর্থ অভিযানটি মূলত যুদ্ধবিরতির সময়কে কাজে লাগিয়ে ইরানের নৌবাহিনীর প্রস্তুতি যাচাইয়ের উদ্দেশ্যে পরিচালিত হয়েছিল।

২০২৫ সালে সমুদ্রপথে

সাতজনের একজন নিখোঁজ বা মৃত বলে ধারণা করা হচ্ছে যা বিশ্বের যেকোনো প্রধান সমুদ্রপথের মধ্যে সর্বোচ্চ মৃত্যুহারগুলোর একটি। বাবর বালোচ আরও জানান, সাম্প্রতিক বছরগুলোতে সমুদ্রপথে যাত্রা করা রোহিঙ্গাদের অর্ধেকেরও বেশি নারী ও শিশু। এই ধারা ২০২৬ সালেও অব্যাহত রয়েছে। জানুয়ারি থেকে ১৩ এপ্রিল পর্যন্ত ২ হাজার ৮০০ এর বেশি রোহিঙ্গা ঝুঁকিপূর্ণ সমুদ্রযাত্রা করেছেন। সাম্প্রতিক একটি মর্মান্তিক ঘটনার কথা উল্লেখ করে তিনি বলেন, গত ২৬ মার্চ বাংলাদেশ থেকে যাত্রা করা অতিরিক্ত যাত্রীবোঝাই একটি নৌকা আন্দামান সাগরে ডুবে যায় বলে ধারণা করা হয়। এতে প্রায় ২৫০ জন নিখোঁজ হন। পরবর্তীতে ৯ এপ্রিল আন্দামান দ্বীপপুঞ্জের কাছে নয়জন বেঁচে থাকা ব্যক্তিকে উদ্ধার করা হয়। ইউএনএইচসিআর তাদের কাউন্সেলিং, চিকিৎসা ও মনোসামাজিক সহায়তা দিচ্ছে এবং স্থানীয় কর্তৃপক্ষকে সহায়তায় প্রস্তুত রয়েছে। ইউএনএইচসিআর মুখপাত্র বলেন, মানবপাচার, শোষণ ও চরম ঝুঁকি থাকা সত্ত্বেও রোহিঙ্গাদের এই যাত্রা অব্যাহত রয়েছে। অতিরিক্ত যাত্রীবোঝাই ও অনিরাপদ নৌকাগুলো সাধারণত বাংলাদেশের কক্সবাজার অথবা মিয়ানমারের রাখাইন রাজ্য থেকে ইন্দোনেশিয়া ও মালয়েশিয়ার উদ্দেশে যাত্রা করে। বাবর বালোচ আরও বলেন, অধিকাংশ রোহিঙ্গা শরণার্থী নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের সুযোগ পেলে মিয়ানমারে ফিরে যেতে চান। তবে চলমান সংঘাত, নিপীড়ন এবং নাগরিকত্বের অনিশ্চয়তা তাদের ভবিষ্যৎকে অনিশ্চিত করে রেখেছে। একই সঙ্গে বাংলাদেশে তহবিল সংকটে মানবিক সহায়তা কমে যাওয়া, ক্যাম্পে অস্থিরতা এবং শিক্ষা ও জীবিকার সীমিত সুযোগ পরিস্থিতিকে আরও জটিল করে তুলছে। বাস্তুচ্যুতির মূল কারণ মোকাবিলা, নিরাপদ ও বৈধ অভিবাসন পথ সম্প্রসারণ এবং আঞ্চলিক সহযোগিতা জোরদারের মাধ্যমে জীবনরক্ষা ও মানবপাচার প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নিতে আন্তর্জাতিক সম্প্রদায়কে আহ্বান জানান বাবর বালোচ। ইউএনএইচসিআর জানিয়েছে, বর্তমানে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় ১৩ লাখের বেশি রোহিঙ্গা শরণার্থী ও আশ্রয়প্রার্থী বাস্তুচ্যুত অবস্থায় রয়েছেন। যার মধ্যে ১২ লাখ বাংলাদেশে আশ্রয় নিয়েছে।

স্কুলের টিউবওয়েলে বিষ

করেন যে পানিতে বিষ মেশানো হয়েছে। পরে খবর পেয়ে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তারা ঘটনাস্থলে গিয়ে পরীক্ষা-নিরীক্ষা করে টিউবওয়েলের পানিতে বিষাক্ত পদার্থ থাকার বিষয়টি নিশ্চিত করেন। কর্মকর্তারা জানিয়েছেন, ঘটনাটি অত্যন্ত দুঃখজনক ও উদ্বেগজনক এবং এটি একটি গুরুতর অপরাধ। সময়মতো বিষয়টি শনাক্ত না হলে শিক্ষার্থীদের বড় ধরনের স্বাস্থ্যঝুঁকি তৈরি হতে পারত। আগৈলঝাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখন বণিক বলেন, ঘটনাটি অত্যন্ত ন্যাক্কারজনক। জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনার জন্য থানাকে নির্দেশ দেওয়া হয়েছে।

নেছারাবাদে পৃথক অভিযানে

ওয়ার্ডের সামসুল হকের ছেলে। অন্যদিকে, পৃথক আরেকটি অভিযানে উপজেলার পূর্ব জগন্নাথকাঠী এলাকা থেকে মো. শহিদ (৩৫) নামে এক ব্যক্তিকে ৪০ গ্রাম গাঁজাসহ গ্রেফতার করা হয়। শহিদ ওই গ্রামের মৃত জব্বার মিয়ার ছেলে। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা দায়ের করা হয়েছে। গ্রেফতারকৃতদের শুক্রবার পিরোজপুর আদালতে পাঠানো হয়েছে। নেছারাবাদ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মেহেদী হাসান জানান, পুলিশ সদর দপ্তর ও জেলা পুলিশের নির্দেশনায় মাদকের বিরুদ্ধে 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, "নেছারাবাদকে মাদকমুক্ত করতে অভিযান অব্যাহত থাকবে কাউকে ছাড় দেওয়া হবে না।"

পৃথিবীর দিকে ধেয়ে আসছে

২০২৯ সালের ১৩ এপ্রিল পৃথিবীর পাশ দিয়ে দ্রুতগতিতে অতিক্রম করবে। নাসা জানিয়েছে, গ্রহাণুটি পৃথিবীর পৃষ্ঠ থেকে প্রায় ২০ হাজার মাইল দূর দিয়ে যাবে। এটি অনেক কক্ষপথে থাকা স্যাটেলাইটের থেকেও কাছাকাছি অবস্থান। তুলনামূলকভাবে সর্বোচ্চ উচ্চতায় থাকা স্যাটেলাইটগুলো প্রায় ২২ হাজার মাইল দূরে অবস্থান করে। যদিও বিজ্ঞানীরা অ্যাপোফিসকে 'সম্ভাব্য বিপজ্জনক গ্রহাণু' হিসেবে শ্রেণিবদ্ধ করেছেন। তবুও নাসা আশ্বস্ত করেছে যে ২০২৯ সালে অতিক্রমণের সময় পৃথিবীর জন্য কোনো হুমকি থাকবে না। দীর্ঘদিন ধরে পর্যবেক্ষণের পর বিজ্ঞানীরা জানিয়েছেন, অন্তত আগামী ১০০ বছর এই গ্রহাণুটি পৃথিবীর জন্য কোনো ঝুঁকি তৈরি করবে না। নাসা জানিয়েছে, পৃথিবী, এর বাসিন্দা, মহাকাশচারী কিংবা কক্ষপথে থাকা স্যাটেলাইট কোনো কিছুর জন্যই এর কোনো বিপদ নেই। বিজ্ঞানীরা এই ঘটনাকে 'অসাধারণ এবং নজিরবিহীন সুযোগ' হিসেবে উল্লেখ করেছে। এর মাধ্যমে গ্রহাণুটি এবং পৃথিবীর কাছাকাছি থাকা অন্যান্য গ্রহাণু সম্পর্কে আরও বিস্তারিত জানা যাবে। নাসা জানিয়েছে, আবহাওয়া অনুকূলে থাকলে পূর্ব গোলার্ধের বাসিন্দারা খালি চোখেই এই গ্রহাণুটি দেখতে পারবেন।

৩ শিক্ষক-শিক্ষিকার

ও তার শ্যালক মিজানুর রহমান মানিক। ভবন নির্মাণ করার পর চলাচলের পথ নিয়ে দ্বন্দ্ব চলছিল তাদের মধ্যে। এই দ্বন্দ্ব নিরসনে একাধিক বৈঠকও হয়েছে স্থানীয়দের নিয়ে। মিজানুর রহমান মানিক জানিয়েছেন, গত বুধবার (১৫ এপ্রিল) বেলা ১২টার দিকে ভবনের নিজের অংশে বিদ্যুৎ সংযোগ দিতে গেলে তাকে বাধা দেন জাহাঙ্গীর আলম। এক পর্যায়ে তিনি ভবনের ভেতরে গেলে গেটে তালা লাগিয়ে তাকে অবরুদ্ধ করেন জাহাঙ্গীর। তার ভাষ্য, 'এ ঘটনার ভিডিও ধারণ করছিলেন আমার স্ত্রী তাজেনুর। এতে ক্ষিপ্ত হয়ে জাহাঙ্গীর ও তার স্ত্রী রাহিমা বেগম তাকে শারীরিকভাবে হেনস্তা করেন এবং ভেঙে ফেলেন তার হাতে থাকা মোবাইল ফোনটি।' এ ঘটনায় বিচার দাবি করেছেন মো. মিজানুর রহমান মানিক। অপরদিকে জাহাঙ্গীর আলমের দাবি, 'তাজেনুর প্রথমে তাকে থাপ্পড় দেন এবং পরে তার স্ত্রীর চুল ধরে মাটিতে ফেলে মারধর করেন।' তার ভাষ্য, 'আমি তাদের মারামারি থামাতে গিয়ে চুল ধরে সরিয়ে দেই তাজেনুরকে। তবে তার গায়ে হাত দেওয়া উচিত হয়নি আমার।' এ বিষয়ে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির বরগুনা সদর উপজেলা শাখার সভাপতি মো. মুস্তাফিজুর রহমান লিটন বলেছেন, 'সামাজিক যোগাযোগমাধ্যমে শিক্ষকদের মারামারির ঘটনা দেখে আমি বিস্মিত। আমরা প্রকৃত শিক্ষা অর্জন করতে পারিনি বলেই ঘটেছে এ ঘটনা। এটি নিন্দনীয়। এ ঘটনায় শিক্ষক সমাজ লজ্জিত।' 'এটি তাদের পারিবারিক দ্বন্দ্বের ঘটনা হলেও একজন শিক্ষকের এমন আচরণ অগ্রহণযোগ্য। ক্ষতিগ্রস্তরা অভিযোগ করলে তদন্ত করে ব্যবস্থা নেবে শিক্ষা প্রশাসন,' বলছিলেন বরগুনা জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোসা. শিরিন আক্তার। বরগুনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ আব্দুল আলীম বলেছেন, 'শিক্ষকদের মারামারির ঘটনায় থানায় মামলা দায়ের করেছে একটি পক্ষ। তদন্ত করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে প্রশাসন।'

বরিশালে গোয়েন্দাদের গোপন

লাইসেন্স নিয়ে নিজ বাসার গুদামে অবৈধভাবে ৫০ ব্যারেল ভোজ্য তেল ও ১৩ দশমিক ৭৫ টন চিনি মজুদ করার অপরাধে একই আইনে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, জব্দ না করে অভিযুক্ত প্রতিষ্ঠানগুলোকে ১৫ দিনের মধ্যে সরকার নির্ধারিত মূল্যে পণ্য বিক্রির নির্দেশনা দেওয়া হয়েছে। পাশাপাশি যথাযথ লাইসেন্স গ্রহণ করে ব্যবসা পরিচালনার নির্দেশ দেওয়া হয়। নির্ধারিত সময়ের পর লাইসেন্স ছাড়া পণ্য পাওয়া গেলে মালামাল জব্দসহ কারাদণ্ডের বিষয়ে সতর্ক করা হয়েছে। এনএসআই সদস্যরা জানান, প্রতিষ্ঠানগুলোর ওপর দীর্ঘদিন ধরে গোপন নজরদারি চালানো হচ্ছিল। পরে বিষয়টি জেলা প্রশাসনকে অবহিত করা হলে ভ্রাম্যমাণ আদালত ঘটনাস্থলে গিয়ে অভিযোগের সত্যতা পায়। অভিযান শেষে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের সতর্ক করা হয় এবং ভবিষ্যতে এ ধরনের অনিয়মের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেওয়া হয়। এ সময় জেলা এনএসআই ও জেলা প্রশাসনের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। গোয়েন্দা সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে, অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে নজরদারি ও অভিযান অব্যাহত থাকবে।

সরকারি নির্দেশ অমান্য

দায়িত্ব। বিদ্যুতের অপচয় রোধ ও জ্বালানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা এখন সময়ের দাবি। জনস্বার্থে এই অভিযান আগামী দিনগুলোতেও অব্যাহত থাকবে। তিনি আরও বলেন, আমরা ব্যবসায়ীদের সতর্ক করেছি যেন পরবর্তী সময়ে সরকারি নির্দেশনা যথাযথভাবে পালন করা হয়। যারা সরকারি আদেশ উপেক্ষা করবে, তাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

চড়া সবজির বাজার

প্রতি কেজি ১০০ টাকা, বরবট প্রতি কেজি ১০০ টাকা, চিচিঙ্গা প্রতি কেজি ৮০ টাকায় বিক্রি হচ্ছে। এ ছাড়া প্রতি কেজি মূলা বিক্রি হচ্ছে ৬০ টাকায়, টমেটো প্রতি কেজি ৬০ টাকা, ঢেঁড়স প্রতি কেজি ৬০ টাকা, লাউ প্রতি পিস ৬০ থেকে ৭০ টাকা, মিষ্টি কুমড়া প্রতি কেজি ৫০ টাকা, কাঁচা কলা প্রতি হালি ৪০ টাকা এবং কচুর লতি প্রতি কেজি ৮০ টাকায় বিক্রি হচ্ছে। বাজার করতে এসে বেসরকারি চাকরিজীবী মুকিদুর রহমান বলেন, বাজার করতে এসে দেখছি সব ধরনের সবজির দাম অনেক বাড়তি। বেশিরভাগ সবজি ১০০ টাকা কেজিতে বিক্রি হচ্ছে, অন্যগুলো ৮০ টাকার ঘরে। অল্প কিছু সবজি? ৬০ টাকায় পাওয়া যাচ্ছে। সব মিলিয়ে বলতে গেলে প্রতিটা সবজির দাম অতিরিক্ত বেশি। তিনি আরও বলেন, প্রায় দুই সপ্তাহ ধরে সবজির দাম খুব বেশি যাচ্ছে। যে যার মতো ইচ্ছে করে বাড়তি দাম আদায় করছে। অথচ বাজার মনিটরিংয়ের কোনো উদ্যোগ দেখছি না। সবজির দাম বৃদ্ধির বিষয়ে মালিবাগ বাজারের সবজি বিক্রেতা লতিফ মিয়া বলেন, আসলে বেশিরভাগ সবজির দাম বেড়েছে। মূলত বেশ কিছু সবজির মৌসুম এখন শেষ হয়েছে, নতুন করে সবজি ওঠার আগ পর্যন্ত বাড়তি দাম থাকবে। পাইকারি বাজারেই আমাদের সব ধরনের সবজি বাড়তি দামে কিনতে হচ্ছে।? একই সুরে কথা বলেন অপর এক বাজার এলাকার এক সবজি বিক্রেতা। তিনি বলেন, সবজির মৌসুম শেষের পাশাপাশি পরিবহনের খরচ আগের চেয়ে বেড়েছে। ?এ ছাড়া পাইকারি বাজারগুলোতে সবজির সরবরাহ তুলনামূলক কম হচ্ছে। সব মিলিয়ে বাজারে বাড়তি দাম যাচ্ছে সবজির।

উজিরপুরে ১০ দিন পর পেট্রোল

পাওয়া যাচ্ছিল না। অবশেষে সরবরাহ শুরু হলে হঠাৎ করে ভিড় বাড়ে এবং নিয়ন্ত্রণে আনতে কর্তৃপক্ষ রেশনিং পদ্ধতিতে পেট্রোল ও অকটেন বিতরণ শুরু করে। পাম্পটির ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা মো. নূর হোসেন। তিনি জানান, পরিস্থিতি স্বাভাবিক রাখতে সীমিত পরিমাণে তেল সরবরাহ করা হচ্ছে। এদিকে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে তেল নিতে গিয়ে ভোগান্তিতে পড়েছেন সাধারণ মোটরসাইকেল চালকরা। দ্রুত সরবরাহ স্বাভাবিক করার দাবি জানিয়েছেন স্থানীয়রা।

ই-সিগারেট নিষেধাজ্ঞা শিথিলের

ব্যবহারকারীদের মধ্যে পরবর্তীতে সাধারণ সিগারেট ব্যবহারের ঝুঁকি প্রায় তিনগুণ পর্যন্ত বেড়ে যায়। বাংলাদেশে প্রতি বছর প্রায় ১ লাখ ৩০ হাজার মানুষ তামাকজনিত কারণে মারা যায়। ফলে নতুন ধরনের নিকোটিন পণ্যের বিস্তার এ জনস্বাস্থ্য সংকটকে আরও তীব্র করে তুলতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। সংস্থা দুটির মতে, জনস্বাস্থ্য রক্ষা এবং ভবিষ্যৎ প্রজন্মকে সুরক্ষিত রাখতে ই-সিগারেটের ওপর নিষেধাজ্ঞা বজায় রাখা এবং তামাক নিয়ন্ত্রণে কঠোর পদক্ষেপ অব্যাহত রাখা জরুরি।

ভোলায় প্রায় লাখ টাকার গাঁজা জব্দ

ভোলা প্রতিনিধি

ভোলায় যৌথ অভিযান চালিয়ে ২ কেজি ৩০০ গ্রাম গাঁজা জব্দ করেছে পুলিশ ও কোস্টগার্ড। শুক্রবার (১৭ এপ্রিল) ভোর ৫টার দিকে সদর উপজেলার দক্ষিণ বালিয়া এলাকা থেকে পরিত্যক্ত গাঁজাগুলো জব্দ করা হয়। কোস্ট গার্ড জানায়, গোপন খবর পেয়ে অভিযানে চালিয়ে উক্ত এলাকা থেকে পরিত্যক্ত অবস্থায় গাঁজাগুলো উদ্ধার করা হয়। জব্দকৃত মাদকের বিরুদ্ধে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে। মাদকের ভয়াল থাবা থেকে তরুণ প্রজন্মকে রক্ষায় ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। জব্দকৃত গাঁজার মূল্য ৯২ হাজার টাকা।

খোলসবন্দি ব্যাটিংয়ে প্রথম ওয়ানডেতে হার বাংলাদেশের

কীর্তনখোলা ডেস্ক

আধুনিক ক্রিকেটে যে প্রস্তর যুগের ব্যাটিং কতটা বিপদে ফেলতে পারে, হাড়ে হাড়ে টের পেলো বাংলাদেশ। উইকেট বাঁচিয়ে খেলতে গিয়ে রান করার কথাই যেন ভুলে গিয়েছিলেন টাইগার ব্যাটাররা। শেষ পর্যন্ত সেটা হিতে বিপরীত হলো। জেতার মতো অবস্থান থেকে রানের চাপ বাড়িয়ে হেরেই গেলো স্বাগতিকরা। মিরপুরে সিরিজের প্রথম ওয়ানডেতে নিউজিল্যান্ডের ছুড়ে দেওয়া ২৪৮ রান তাড়া করতে পারেনি বাংলাদেশ। ৪৮.২ ওভারে অলআউট হয়েছে ২২১ রানে। ২৬ রানের হারে তিন ম্যাচ সিরিজে ১-০ ব্যবধানে পিছিয়ে গেছে টাইগাররা। ২৪৮ রানের লক্ষ্য তাড়ায় শুরুতেই দলকে চাপে ফেলেন তানজিদ হাসান তামিম আর নাজমুল হোসেন শান্ত। ওপেনিং জুটিতে ৩ ওভার পার হয়েছিল। অবশ্য সাইফ হাসান একবার জীবন পান। নাথান স্মিথের বলে স্লিপে সহজ ক্যাচ ড্রপ হয়, সাইফ তখন ১ রানে। তারপরও ওপেনিং জুটিটা বড় হয়নি। নাথান স্মিথের করা চতুর্থ ওভারের প্রথম বলে ডাউন দ্য উইকেটে গিয়ে বোল্ড হন তামিম (২)। পরের বলে শান্ত (০) কিছু বুঝে ওঠার আগেই হারান স্টাম্প। ২১ রানে ২ উইকেট হারায় বাংলাদেশ। সেখান থেকে সাইফ হাসান আর লিটন দাসের ৯৩ রানের জুটিতে ঘুরে দাঁড়ায় টাইগাররা। সাইফ বড় জুটি গড়ে শেষ পর্যন্ত ধৈর্য হারিয়েছেন। উইল ও'ররকির বলে পুল খেলতে গিয়ে মিডউইকেটে ক্যাচ তুলে দেন। ৭৬ বলে ৮ চার আর ১ ছক্কায় ৫৭ রান আসে সাইফের ব্যাট থেকে। দশম ওয়ানডেতে এটি সাইফের দ্বিতীয় ফিফটি। লিটন দাস অবশ্য ফিফটি পাননি। ৬৮ বলে ৩ বাউন্ডারিতে ৪৬ রান করে ডিন ফক্সক্রফটের বলে বোল্ড হন তিনি। ১৩২ রানে ৪ উইকেট হারায় বাংলাদেশ। সেখান থেকে তাওহিদ হৃদয় আর আফিফ হোসেন ধ্রুব গড়েন ৫২ রানের জুটি। ধীর ব্যাটিং করা ধ্রুব হাত খুলতে গিয়ে ক্যাচ তুলে দেন। ৫৯ বলে করেন ২৭ রান। এরপর মেহেদী হাসান মিরাজও মাত্র ৬ রান করে আউট হয়ে গেলে বিপদে পড়ে বাংলাদেশ। ওভারপ্রতি রানের দরকার প্রায় দশে গিয়ে ঠেকে। রিশাদ হোসেনও (৪) হার্ডহিটিং সামর্থ্য দেখাতে পারেননি। তাওহিদ হৃদয় একটা প্রান্ত ধরে লড়াই চালিয়ে গেছেন। কিন্তু শেষ রক্ষা করতে পারেননি। ৬১ বলে দুটি করে চার-ছক্কায় ৫৫ রান করে শেষ ব্যাটার হিসেবে আউট হন তিনি। নিউজিল্যান্ডের ব্লেয়ার টিকনার ৪০ রানে শিকার করেন ৪টি উইকেট। এর আগে মিরপুরে সিরিজের প্রথম ওয়ানডেতে নিয়ন্ত্রিত বোলিং করেছে বাংলাদেশের বোলাররা। স্বাগতিক বোলারদের সামনে নিউজিল্যান্ডের ইনিংস গিয়ে ঠেকেছে ৮ উইকেটে ২৪৭ রানে। শুক্রবার (১৭ এপ্রিল) মিরপুর শেরেবাংলায় টস জিতে ব্যাটিং করতে নামে নিউজিল্যান্ড। সর্বোচ্চ ৬৮ রান এসেছে হেনরি নিকোলসের ব্যাট থেকে। দ্বিতীয় সর্বোচ্চ ৫৯ রান করেছেন ডিন ফক্সক্রফট। ৩০ রান উইল ইয়াংয়ের। ২১ রানে উদ্বোধনী জুটি ভাঙেন শরিফুল ইসলাম। আউট করেন নিক কেলিকে। ৩০ রান করা উইল ইয়াংকে ফেরান রিশাদ হোসেন দলীয় ৯৪ রানে। বাংলাদেশ অধিনায়ক মেহেদি হাসান মিরাজ বোল্ড করে ফেরান কিউই অধিনায়ক টম ল্যাথামকে। ১২৭ রানে ৩ উইকেট হারানোর পর রিশাদের আঘাতে দ্রুতই আরেক উইকেট হারায় সফরকারীরা। তাদের হয়ে সর্বোচ্চ ৬৮ রান করা হেনরি নিকোলস বিদায় নেন দলীয় ১৩১ রানে। বাংলাদেশের হয়ে মাত্র ২৭ রান দিয়ে দুই উইকেট পাওয়া শরিফুল ১৪ রান করা আব্বাসকে ফেরালে ১৬৫ রানে পঞ্চম উইকেটের পতন হয়। ১৯২ রানে জশ ক্লার্কসনকে (৮) তাসকিন ও ২২৬ রানে দ্বিতীয় সর্বোচ্চ ৫৯ রান করা ডিন ফক্সক্রফটকে ফেরান নাহিদ রানা। পতন হয় সপ্তম উইকেটের। শেষ ওভারে ৭ রান করা ব্লেয়ার টিকনারকে ফিরিয়ে নিজের দ্বিতীয় উইকেট শিকার করেন তাসকিন। ২৪০ রানে ৮ উইকেট হারায় ব্ল্যাকক্যাপসরা। ২১ রানে অপরাজিত ছিলেন নাথান স্মিথ। সংগ্রহ দাঁড়ায় ৮ উইকেটে ২৪৭। বাংলাদেশের হয়ে দুই উইকেট শিকার করেছেন শরিফুল ইসলাম। সমান দুই উইকেট গেছে রিশাদ হোসেন ও তাসকিন আহমেদের ঝুলিতেও। একটি উইকেট পেয়েছেন নাহিদ রানা ও মেহেদী হাসান মিরাজ।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ১৮ এপ্রিল ২০২৬ ॥ ০৫ বৈশাখ ১৪৩৩

ইরানের তাড়া খেয়ে হরমুজ থেকে যেভাবে পালাল মার্কিন যুদ্ধজাহাজ

কীর্তনখোলা ডেস্ক
হরমুজ প্রণালিতে গত সপ্তাহে সংঘটিত একটি উত্তেজনাপূর্ণ সামরিক মুখোমুখি অবস্থান নিয়ে নতুন তথ্য প্রকাশ করেছে ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম প্রেস টিভি। তাদের অনুসন্ধানে জানা গেছে, ইসলামিক রেভল্যুশনারি গার্ডস কর্পসের ৩ এর পাতায় দেখুন

হরমুজ ইস্যুতে ৪০ দেশের ভার্চুয়াল বৈঠকের ডাক

কীর্তনখোলা ডেস্ক
হরমুজ প্রণালি আবার চালুর উদ্যোগ নিয়েছে যুক্তরাজ্য ও ফ্রান্স। দেশ দুটি একটি ভার্চুয়াল বৈঠকের আয়োজন করেছে। শুক্রবারের এ বৈঠকে প্রায় ৪০টি দেশের নেতাদের আমন্ত্রণ জানানো হয়েছে। সিএনএনের প্রতিবেদনে বলা হয়, বৈঠকে ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে সাংবাদিক জহিরকে হত্যার হুমকির প্রতিবাদে মানববন্ধন

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদী প্রেসক্লাবের সভাপতি ও সিনিয়র সাংবাদিক জহুরুল ইসলাম জহিরকে মোবাইল ফোনে হত্যার হুমকির ঘটনায় তীব্র প্রতিবাদ জানিয়ে মানববন্ধন ও সমাবেশ করেছে স্থানীয় সাংবাদিক সমাজ। শুক্রবার (১৭ এপ্রিল) বেলা ১১টায় গৌরনদী বাসস্ট্যান্ড এলাকায় প্রেসক্লাবের উদ্যোগে আয়োজিত এই কর্মসূচিতে সাংবাদিক, রাজনৈতিক নেতা, সামাজিক সংগঠনের প্রতিনিধি এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। মানববন্ধন শেষে অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে সভাপতিত্ব করেন প্রেসক্লাবের সহসভাপতি এম আলম। সমাবেশে বক্তব্য দেন সাবেক সভাপতি মো. গিয়াস উদ্দিন মিয়া, খন্দকার মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক এস এম জুলফিকার, সাবেক সাধারণ সম্পাদক খোকন আহমেদ হীরা, উত্তম দাসসহ আরও অনেকে। এ ছাড়া সাংবাদিক ফোরাম ও রিপোর্টার্স ইউনিটির নেতারাও সংহতি প্রকাশ করেন। বক্তারা ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় চুরির হিড়িক, আতঙ্কে নির্ঘুম রাত কাটছে এলাকাবাসীর

ভাণ্ডারিয়া প্রতিনিধি
উপকূলীয় জেলা পিরোজপুরের ঐতিহ্যবাহী ভাণ্ডারিয়া উপজেলায় আশঙ্কাজনক হারে বেড়েছে চুরি ও চুরির চেষ্টা। প্রায় প্রতিদিনই উপজেলার কোথাও না কোথাও চুরির ঘটনা ঘটছে। রাত নামলেই আতঙ্কে থাকছেন সাধারণ মানুষ। একের পর এক বাড়ি, বাড়ির বৈদ্যুতিক সার্ভিসতার,আর্থিং তার,টিউবয়েল,টেলিফোন লাইনের পরিত্যাক্ত লোহার ছোট খাম্বা,বিভিন্ন বিল বোর্ডের লোহার এ্যাঙ্গেল,নির্মানাধীন ভবনের উপরের লোহার রড,ব্যবসা প্রতিষ্ঠান, কৃষকের গোয়াল থেকে গরু,ছাগল,হাঁস ,মুরগী ও নির্মাণাধীন স্থাপনায় চুরির ঘটনায় এলাকাবাসীর মধ্যে চরম উদ্বেগ,উৎকণ্ঠা এবং নিরাপত্তাহীনতা দেখা দিয়েছে। শুধু তাই নয় এসকল চুরির নেপথ্যে কথিত অভিজাত ৩ এর পাতায় দেখুন

ভিক্ষুককে কম দামে ওষুধ বিক্রি করে বিপাকে ব্যবসায়ী

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় এক ভিক্ষুকের কাছে কম দামে ওষুধ বিক্রি করায় প্রগতি মেডিকেল হল নামের একটি ওষুধের দোকান বন্ধ করে দিয়েছেন কেমিস্ট এন্ড ড্রাগ অ্যাসোসিয়েশনের নেতারা। শুক্রবার (১৭ এপ্রিল) সকাল থেকে সমিতির নেতাদের আল্টিমেটামের পরে ফার্মেসিটি বন্ধ রাখা হয়। তবে এ ঘটনা সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে নিন্দার ঝড় ওঠে। নেটিজনরা বলছেন, মানবিক কাজে যদি দোকানিকে মাশুল দিতে হয় তাহলে ৩ এর পাতায় দেখুন

এক বছর আগে যার রিকশার ভাড়া ছিল না পরের বছর সে ঢাকায় ফ্ল্যাট কিনছে: স্পিকার

তজুমদ্দিন প্রতিনিধি
জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম বলেছেন, যারা রাজনীতি করে সবারই অর্থের প্রয়োজন আছে। বাংলাদেশের রাজনীতি হলো, এক বছর আগে যার রিকশা ভাড়া ছিল না, পরের বছর দেখা যায়; ঢাকাতে ফ্ল্যাট কিনছে। শুক্রবার (১৭ এপ্রিল) সন্ধ্যায় ভোলার তজুমদ্দিন উপজেলা বিএনপি এবং সকল অঙ্গ ও সহযোগী সংগঠনের আয়োজনে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে এক গণসংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত হয়ে প্রধান অতিথির বক্তব্যে তিনি ৩ এর পাতায় দেখুন

জ্বালানি সংকটে বন্ধের মুখে ভোলার ১২ কারখানা

ভোলা প্রতিনিধি
জ্বালানি সংকটের তীব্র প্রভাবে স্থবির হয়ে পড়েছে ভোলার বিসিক শিল্প নগরী। প্রয়োজনীয় জ্বালানি না পাওয়ায় অন্তত ১২টি কারখানা বন্ধের পথে, এতে কর্মসংস্থান হারানোর শঙ্কায় রয়েছেন ৫ শতাধিক শ্রমিক। স্থানীয় সূত্র জানায়, প্রায় তিন দশক আগে ৯৬টি প্লট নিয়ে প্রতিষ্ঠিত ভোলার বিসিক শিল্প নগরীতে বর্তমানে ২৭টি কারখানা চালু রয়েছে। এসব কারখানায় কয়েক হাজার মানুষের ৩ এর পাতায় দেখুন

সরকারি নির্দেশ অমান্য করায় চার প্রতিষ্ঠানকে জরিমানা

বোরহানউদ্দিন প্রতিনিধি
জ্বালানি সংকট মোকাবিলায় সরকারের নির্দেশনা অমান্য করে সন্ধ্যা ৭টার পর দোকানপাট খোলা রাখায় ভোলার বোরহানউদ্দিন বাজারে অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসন। বৃহস্পতিবার রাতে পরিচালিত এই মোবাইল কোর্টে ৪টি প্রতিষ্ঠানকে মোট ১৭ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়। বোরহানউদ্দিন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মনোরঞ্জন বর্মন এই মোবাইল কোর্ট পরিচালনা করেন। সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে নির্ধারিত সময়ের পরেও দোকান খোলা রাখায় সংশ্লিষ্ট ব্যবসায়ীদের বিরুদ্ধে এই ব্যবস্থা নেওয়া হয়। অভিযান শেষে ইউএনও মনোরঞ্জন বর্মন বলেন, চলমান জ্বালানি সংকট মোকাবিলায় সরকারের নির্দেশনা মেনে চলা প্রতিটি নাগরিকের ৩ এর পাতায় দেখুন

বরিশালে গোয়েন্দাদের গোপন নজরদারিতে ধরা দুই মজুতদার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল মহানগরীর বাজার রোড এলাকায় অবৈধভাবে ১৪০ ব্যারেল ভোজ্য তেল ও প্রায় ১৪ টন চিনি মজুদের দায়ে দুইটি প্রতিষ্ঠানকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) বরিশাল জেলা কার্যালয়ের গোপন তথ্যের ভিত্তিতে জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আশরাফুজ্জামান পলিন'র নেতৃত্বে এ অভিযান চালানো হয়। অভিযানে "মেসার্স মোল্লা ব্রাদার্স"-এর মালিক শুক্কুর মোল্লাকে মজুদের লাইসেন্স ছাড়া নিজ গুদামে অবৈধভাবে ৯০ ব্যারেল ভোজ্য তেল সংরক্ষণের দায়ে কৃষি বিপণন আইন ২০০৮ অনুযায়ী ১৩ হাজার টাকা জরিমানা করা হয়। একই এলাকায় "মেসার্স আবির ব্রাদার্স"-এর মালিক সন্তোষ মিত্রকে খুচরা ৩ এর পাতায় দেখুন

ঢাকা-কুয়াকাটা মহাসড়ক ৪ লেনের দাবিতে গণঅনশন

বরগুনা প্রতিনিধি
বরগুনায় ঢাকা-কুয়াকাটা মহাসড়ক চার লেনে উন্নীত করার দাবিতে গণঅনশন কর্মসূচি পালন করেছে নাগরিক মহল। শুক্রবার (১৭ এপ্রিল) সকাল ৯টা থেকে আমতলী এ কে স্কুল সংলগ্ন বরিশাল-বরগুনা-কুয়াকাটা মহাসড়কে এ কর্মসূচি পালন করা হয়। এতে স্থানীয় রাজনৈতিক ব্যক্তিরা, শিক্ষার্থী, ব্যবসায়ীসহ বিভিন্ন পেশার মানুষ অংশ নেন। এ সময় বক্তারা বলেন, ভাঙ্গা থেকে বরিশাল হয়ে পটুয়াখালী, আমতলী, কুয়াকাটা পর্যন্ত মহাসড়কটি মাত্র দুই লেনের। কুয়াকাটার সাথে সারাদেশের যোগাযোগ সহজ হওয়ায় এই রুটে দূরপাল্লার বাস ও পণ্যবাহী ট্রাকের সংখ্যা বেড়েছে। কিন্তু রাস্তার প্রশস্ততা না বাড়ায় প্রতিনিয়ত সড়ক দুর্ঘটনা ঘটছে। মোমেন ৩ এর পাতায় দেখুন

গাছ কাটাকে কেন্দ্র করে সংঘর্ষ, বেতাগীতে দুই ভাই গুরুতর জখম

কীর্তনখোলা রিপোর্ট
গাছ কাটা নিয়ে তর্ক-বিতর্কের জেরে বরগুনার বেতাগী উপজেলায় প্রতিপক্ষের হামলায় দুই ভাই গুরুতর জখম হয়েছেন। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) সকালে উপজেলার ছোট কাওরাবুনিয়া এলাকার বটতলা বাজারে এ ঘটনা ঘটে।
আহতরা হলেন সবুজ জমাদ্দার ও সুমন জমাদ্দার। তাদের বরিশাল শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় পুলিশ আহত অবস্থায় সোহেল জমাদ্দারকে আটক করেছে। বর্তমানে সে শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আছে। আহতদের মধ্যে সবুজের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন স্বজনরা। ভুক্তভোগীদের অভিযোগ, একই এলাকার সোহেল জমাদ্দার তার জমির পাশে থাকা তাদের গাছ কেটে মাটি ভরাট করছিলেন। এ বিষয়ে জানতে ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় স্কুলের টিউবওয়েলে বিষ দেয়ার অভিযোগ

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়া উপজেলার পূর্ব মোহনকাঠী প্রাথমিক বিদ্যালয়ের গভীর নলকূপে (টিউবওয়েল) বিষাক্ত পদার্থ ঢেলে দেওয়ার অভিযোগ উঠেছে অজ্ঞাত দুর্বৃত্তদের বিরুদ্ধে। ঘটনার কারণে শিক্ষক ও শিক্ষার্থীরা বড় ধরনের দুর্ঘটনা থেকে অল্পের জন্য রক্ষা পেয়েছেন। স্থানীয় সূত্রে জানা যায়, স্থানীয়রা টিউবওয়েল থেকে পানি তুলতে গেলে পানির রং ও গন্ধে সন্দেহ হয়। পরে বিষয়টি ছড়িয়ে পড়লে এলাকাবাসী প্রাথমিকভাবে ধারণা ৩ এর পাতায় দেখুন

নেছারাবাদে পৃথক অভিযানে ইয়াবা-গাঁজাসহ গ্রেফতার তিন

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদ উপজেলায় পৃথক দুইটি মাদকবিরোধী অভিযানে ইয়াবা ও গাঁজাসহ তিন যুবককে গ্রেফতার করেছে পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার সন্ধ্যায় উপজেলার গুয়ারেখা ইউনিয়নের চাঁদকাঠি খেয়াঘাট সংলগ্ন এলাকায় অভিযান চালানো হয়। এ সময় মো. রাকিবুল ইসলাম রাকু (৪৪) ও মো. সজিব আহম্মেদ (৩৩) নামে দুই যুবককে ৫০ পিস ইয়াবা ট্যাবলেটসহ আটক করা হয়। পুলিশ তল্লাশিতে রাকুর কাছ থেকে ৩০ পিস এবং সজিবের কাছ থেকে ২০ পিস ইয়াবা উদ্ধার করে। গ্রেফতারকৃত রাকু উপজেলার সোহাগদল ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের হেমায়েত উদ্দিনের ছেলে এবং সজিব একই ইউনিয়নের ৯ নম্বর ৩ এর পাতায় দেখুন

ই-সিগারেট নিষেধাজ্ঞা শিথিলের সম্ভাবনা নিয়ে ডব্লিউএইচও-ইউনিসেফের উদ্বেগ

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশে ই-সিগারেটের ওপর বিদ্যমান নিষেধাজ্ঞা তুলে নেওয়ার সম্ভাবনা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) এবং ইউনিসেফ। সম্প্রতি আন্তর্জাতিক এই দুই সংস্থা উদ্বেগ প্রকাশ করেছে। সংস্থাগুলোর মতে, জনস্বাস্থ্য রক্ষা বিশেষ করে শিশু ও কিশোরদের সুরক্ষার জন্য ই-সিগারেট নিয়ন্ত্রণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। ই-সিগারেটে থাকা নিকোটিন অত্যন্ত আসক্তিকর এবং এটি মস্তিষ্কের স্বাভাবিক বিকাশে ক্ষতিকর প্রভাব ফেলে। প্রতিবেদন অনুযায়ী, ই-সিগারেট তরুণদের আকৃষ্ট করতে বিভিন্ন ফ্লেভার ও আকর্ষণীয় প্রচারণা ব্যবহার করা হয়, যা নতুন প্রজন্মকে নিকোটিনের ওপর নির্ভরশীল করে তুলতে পারে। পাশাপাশি, ই-সিগারেট ৩ এর পাতায় দেখুন

৩ শিক্ষক-শিক্ষিকার মারামারির ভিডিও ভাইরাল

বরগুনা প্রতিনিধি
বরগুনায় তিন শিক্ষকের মধ্যে মারামারির একটি ঘটনার ভিডিও চিত্র ছড়িয়ে পড়েছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। বিষয়টি নিয়ে নিন্দার ঝড় উঠেছে জেলাজুড়ে। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) ভাইরাল হওয়া ওই ভিডিওতে দেখা যায়, বরগুনা সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মো. জাহাঙ্গীর আলম ও তার স্ত্রী বরগুনা দারুল উলুম নেছারিয়া কামিল মাদ্রাসার সহকারী শিক্ষিকা রাহিমা বেগম মিলে মারধর করছেন পাথরঘাটা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা মোসা. তাজেনুরকে। মারধরের শিকার তাজেনুর জাহাঙ্গীর আলমের শ্যালক মিজানুর রহমান মানিকের স্ত্রী। স্থানীয়রা জানিয়েছেন, বরগুনা পৌর শহরের হাচন মোল্লা সড়কে যৌথভাবে ১২ শতক জমি কিনে ভবন নির্মাণ করেছেন জাহাঙ্গীর আলম ৩ এর পাতায় দেখুন

২০২৫ সালে সমুদ্রপথে প্রাণ হারিয়েছেন ৯০০ রোহিঙ্গা

কীর্তনখোলা ডেস্ক
২০২৫ সালে আন্দামান সাগর ও বঙ্গোপসাগরে প্রায় ৯০০ রোহিঙ্গা শরণার্থী নিখোঁজ হয়েছেন বা মৃত্যুবরণ করেছেন। এ কারণে সালটিকে রোহিঙ্গা শরণার্থীদের জন্য এখন পর্যন্ত সবচেয়ে প্রাণঘাতী বছর হিসেবে মনে করা হচ্ছে। শুক্রবার (১৮ এপ্রিল) জেনেভায় আয়োজিত নিয়মিত প্রেস ব্রিফিংয়ে এক প্রশ্নের জবাবে জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থার (ইউএনএইচসিআর) মুখপাত্র বাবর বালোচ এ তথ্য জানান। তিনি বলেন, ২০২৫ সালে সাড়ে ৬ হাজারের বেশি রোহিঙ্গা ঝুঁকিপূর্ণ সমুদ্রপথে যাত্রার চেষ্টা করেন। এর মধ্যে প্রতি ৩ এর পাতায় দেখুন

উজিরপুরে ১০ দিন পর পেট্রোল সরবরাহ, পাম্পে দীর্ঘ লাইন

উজিরপুর প্রতিনিধি
দীর্ঘ ১০ দিন পর পেট্রোল সরবরাহ শুরু হওয়ায় বরিশালের উজিরপুর উপজেলার ঢাকা-বরিশাল মহাসড়কের সাজু পাম্পে সৃষ্টি হয়েছে তীব্র ভিড়। পেট্রোল নিতে মোটরসাইকেলের প্রায় এক কিলোমিটার দীর্ঘ লাইন দেখা গেছে। জানা গেছে, টানা সরবরাহ সংকটের কারণে গত কয়েকদিন ধরে পাম্পে জ্বালানি তেল ৩ এর পাতায় দেখুন

পৃথিবীর দিকে ধেয়ে আসছে 'বিপজ্জনক গ্রহাণু'

কীর্তনখোলা ডেস্ক
পৃথিবীর দিকে ধেয়ে আসছে 'গড অব ক্যাওস' নামে পরিচিত একটি গ্রহাণু। এটি আগামী ৩ বছরের মধ্যে পৃথিবীর খুব কাছ দিয়ে অতিক্রম করবে। এতে করে মহাকাশ বিজ্ঞানীরা কাছ থেকে এই বিশাল মহাজাগতিক বস্তুটি পর্যবেক্ষণের বিরল সুযোগ পাবেন। বৃহস্পতিবার (১৬ এপ্রিল) আনাদোলু এজেন্সির এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞানীরা জানিয়েছেন, অ্যাপোফিস নামের এই গ্রহাণুটি প্রাচীন মিসরীয় 'গড অব ক্যাওস' নামে পরিচিত দেবতার নাম অনুসারে নামকরণ করা হয়েছে। এটি ৩ এর পাতায় দেখুন

চড়া সবজির বাজার বেশিরভাগের দাম ১০০ টাকার বেশি

কীর্তনখোলা ডেস্ক
অতিরিক্ত পরিবহন খরচ, সবজির মৌসুম শেষ, সরবরাহ কমসহ বিভিন্ন কারণে বাজারে চড়া দামে বিক্রি হচ্ছে সব ধরনের সবজি। বাজারে বেশিরভাগ সবজির দাম এখন ১০০ টাকার বেশি। শুক্রবার নগরীর বিভিন্ন বাজার ঘুরে সবজির দামের এমন উর্ধ্বগতি দেখা গেছে। বাজারে প্রতি কেজি পটল বিক্রি হচ্ছে ১০০ টাকায়, কাঁকরোল প্রতি কেজি ১৬০ টাকা, বেগুন প্রতি কেজি ১০০ থেকে ১৪০ টাকা, ঝিঙ্গা প্রতি কেজি ১০০ টাকা, ধন্দুল প্রতি কেজি ১০০ টাকা, করলা প্রতি কেজি ১০০ টাকা, শসা ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com